NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

সপ্তাহ জুড়ে শেষের পাতায়

রবি সাহিত্য সংস্কৃতি · সোম স্বাস্থ্য বীমা · মঙ্গল শিক্ষা প্রযুক্তি চাকরি · বুধ ভ্রমণের টুকিটাকি · বৃহস্পতি খেলার জগৎ · শুক্র সিনেমা অনুষঙ্গ · শনি অর্ধেক আকাশ

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ

একদিন

Website : www.ekdinnews.com

http://youtube.com/@dailyekdin2165

Epaper : ekdin-epaper.com

দেখুন

শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৩ আজব সংখ্যা তত্ত্বে প্রশ্ন বিরোধী দলের, উত্তপ্ত রাজ্য-রাজনীতি

বাংলা ধ্বংস হয়ে গেছে তৃণমূলের রাজনীতিতে, অভিযোগ সুকান্তর ৩

কলকাতা ৩০ অক্টোবর ২০২৫ ১২ কার্তিক ১৪৩২ বৃহস্পতিবার উনবিংশ বর্ষ ১৩৮ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 30.10.2025, Vol.19, Issue No. 138, 8 Pages, Price 3.00

## ট্রেন থেকে নদীতে ঝাঁপ, মৃত পড়ুয়া

**নিজস্ব প্রতিবেদন:** চলন্ত ট্রেন থেকে কাঁসাই নদীতে ঝাঁপ দিয়ে 'আত্মহত্যা' করেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এক পড়ুয়া। মৃত পড়ুয়ার নাম সোহম পাত্র (২১)। তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বি-টেক ইঞ্জিনিয়ারিংয়ের তৃতীয় বর্ষের পড়ুয়া ছিলেন বলে জানা গিয়েছে। সঙ্গে এও জানা গিয়েছে, সোহমের বাড়ি বাঁকুড়ায়।

মঙ্গলবার বিকেলে (৫টা ৫০মিনিটে) হাওড়া-আদ্রা শিরোমণি এক্সপ্রেসে চেপে বাড়ি ফিরছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া সোহম। তাঁর সঙ্গে ছিলেন মা মল্লিকা পাত্র। এরপর মা শৌচালয়ে যেতেই ট্রেন থেকে ঝাঁপ দেয় সোহম। কাঁসাই হল্ট স্টেশন সংলগ্ন সেতুতে ধাক্কা খাওয়ার পর দেহ গিয়ে পড়ে নদীতে। এরপর খোঁজাখুঁজি সত্ত্বেও মঙ্গলবার রাতে সোহমের দেহ আর খুঁজে পাওয়া যায়নি।

এরপর বুধবার সকালে নদীতে ভাসতে দেখা যায় দেহ। এর পরই খবর দেওয়া হয় পুলিশে। খড়গপুর লোকাল থানার পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পুলিশের অনুমান, মানসিক অবসাদের জেরেই আত্মহত্যা করেন সোহম। দেহ উদ্ধারের পরে সোহমের বাবার জানান, 'এই মুহূর্তে কিছু বলতে পারছি না। কী ঘটেছে সেটা পুলিশ বলবে। আমরা কিছু সন্দেহও করছি না।' মৃত পড়ুয়ার মা বলেন, 'আমার ছেলে থার্ড ইয়ারে (তৃতীয় বর্ষে) পড়ত। র‍্যাগিংয়ের কোনও প্রশ্নই নেই। আমার ছেলেকে সকলে ভালবাসত। মনে হচ্ছে, সুইসাইডই করেছে। কিন্তু কারণ জানা নেই।'

## ইডি হানায় ফের উদ্ধার বিপুল নগদ



**নিজস্ব প্রতিবেদন:** পুর নিয়োগ দুর্নীতির তদন্তে শহরে তল্লাশিতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। তাতেই শহরে ফের মিলল টাকার পাহাড়ের হদিশ। তারাতলায় এক ব্যবসায়ীর বাড়ি থেকে উদ্ধার বিপুল নগদ। ইডি সূত্রে জানা গিয়েছে, শুধু টাকা নয় লেকটাউনের অফিস থেকে উদ্ধার হয়েছে কয়েক কিলো সোনাও।

সূত্রের খবর, রেডিয়েন্ট এন্টারপ্রাইজ প্রাইভেট লিমিটেড নামে এক সংস্থার অফিস থেকে উদ্ধার হয়েছে প্রায় ১ কোটি ৫০ লক্ষ টাকা। ওই সংস্থার মালিক গৌতম ধন্ধানিয়ার। লেকটাউনে গৌতমের ফ্ল্যাট। সেখান থেকে তল্লাশি চালিয়ে ১০ কেজিরও বেশি সোনা উদ্ধার করেন তদন্তকারীরা। এই ব্যবসায়ী পরিবার এক মন্ত্রীর ঘনিষ্ঠ বলেও জানা যাচ্ছে। কোন মন্ত্রী তা নিয়েও চলছে চর্চা।

এদিকে ইডি সূত্রে খবর, তারাতলার ওই ব্যবসায়ীর বাড়িতে হানা দেন তদন্তকারীরা। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় জওয়ানরা। বাড়িতে তল্লাশি চালাতেই মিলতে থাকে নগদ। আলমারিতে সাজানো ছিল থরে থরে নোট। বিপুল এই টাকা গোনার জন্য টাকা গোনার মেশিন নিয়ে আসেন তদন্তকারীরা। জানা গিয়েছে, কোটি টাকারও বেশি নগদ মিলেছে ওই ব্যবসায়ীর বাড়ি থেকে। শুধু টাকা নয়, মিলেছে কয়েক কিলো সোনাও।



## রাফালে সওয়ার রাষ্ট্রপতি

**নয়াদিল্লি, ২৯ অক্টোবর:** সিঁদুর অভিযানের সময়ে তিনি নাকি ধরা পড়েছিলেন পাকিস্তানের হাতে। এমনটাই 'খবর' ছড়িয়েছিল পাকিস্তানি সংবাদমাধ্যমে। বুধবার ভারতীয় বায়ুসেনার সেই স্কোয়াড্রন লিডার শিবাঙ্গী সিংকে সঙ্গে নিয়েই যুদ্ধবিমান রাফালে সওয়ার হলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। পাকিস্তান দাবি করেছিল যে অপারেশন সিঁদুরের সময় স্কোয়াড্রন লিডার শিবাঙ্গী সিং-কে বন্দি করেছিল। বায়ুসেনার সেই পাইলটের সঙ্গে দাঁড়িয়েই ছবি পোস্ট করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বুধবার বায়ুসেনার হরিয়ানার অম্বালা এয়ারফোর্স বেসে যান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সেখানে গিয়ে তিনি ৩০মিনিট নতুন রাফাল যুদ্ধ বিমানেও চড়েন। বায়ুসেনার পোশাকে দেখা যায় রাষ্ট্রপতিকে। ফিরে এসে রাফালে ওঠার সিঁড়িতে দাঁড়িয়েই তিনি স্কোয়াড্রন লিডার শিবাঙ্গী সিংয়ের সঙ্গে ছবি তোলেন। প্রসঙ্গত, শিবাঙ্গী সিং দেশের প্রথম ও একমাত্র মহিলা রাফাল পাইলট। অপারেশন সিঁদুরের অংশও ছিলেন তিনি। সেই সময় পাকিস্তান দাবি করেছিল, রাফাল-সহ একাধিক যুদ্ধবিমান ধ্বংস করেছে তারা। বায়ুসেনার পাইলট শিবাঙ্গী সিংকেও শিয়ালকোটের কাছে বন্দি বানানো হয় বলে দাবি করে। তবে সেই সব দাবিই মিথ্যা বলে প্রমাণিত হয়েছে বারবার।



## সমুদ্র সাফল্যে প্রধানমন্ত্রী

**মুম্বই, ২৯ অক্টোবর:** ভারতের মেরিটাইম উইকের বিশেষ অনুষ্ঠানে বুধবার যোগ দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মুম্বইতে মেরিটাইম লিডারস কনক্লেভে যোগ দেন তিনি। সোমবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই মেরিটাইম উইকের উদ্বোধন করেন। সাপ্লাই চেইন, গ্রিন শিপি-সহ একাধিক বিষয়ে আলোচনা হয়েছে ওই প্ল্যাটফর্মে। সমুদ্রপথে ভারত যে কতটা সাফল্য পেয়েছে, সেই বর্ণনাই দেন প্রধানমন্ত্রী।

ভারতের এই উদ্যোগে সামিল হয়েছিল বিশ্বের ৮৫টি দেশ। প্রতিটি দেশের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন সেখানে। তাই এই অনুষ্ঠানকে আদতেই বিশ্বমানের বলে মনে করেছেন মোদী। তাঁর কথায়, এই অনুষ্ঠান পুরো বিশ্বের কাছে এক বার্তা পৌঁছে দেবে।

ভারতের মেরিটাইম সেক্টর যে কতটা উন্নয়নশীল, সে কথাও উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী। তিনি জানান, পুরনো আইন সরিয়ে আধুনিক মেরিটাইম আইন কার্যকর করা হয়েছে। এর ফলে মেরিটাইম বোর্ডের খুব সুবিধা হয়েছে। বিনিয়োগকারীদেরও ভরসা বেড়েছে। মোদী আরও উল্লেখ করেন, 'ভারতের দীর্ঘ কোস্ট লাইনে ব্যাপক উন্নতি হবে। মেরিটাইম সেক্টরে গত ১০ বছরে যে পরিবর্তন এসেছে, তা ঐতিহাসিক।' ১৫০-র বেশি নতুন উদ্যোগ নেওয়া হয়েছে।

## এসআইআর আতঙ্কে চেষ্টা আত্মহননের



### দিনহাটা

**নিজস্ব প্রতিবেদন:** ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা এসআইআর নিয়ে আতঙ্কের কারণে আত্মহত্যা করেছেন উত্তর ২৪ পরগনার পানিহাটির বাসিন্দা প্রদীপ কর। উদ্ধার হওয়া 'সুইসাইড নোটে' সে কথাই বলা ছিল বলে পুলিশের দাবি। যা নিয়ে সরগরম রাজ্য রাজনীতি। তার মধ্যেই এ বার কোচবিহারেও এক জন আত্মহত্যার চেষ্টা করলেন এসআইআর আতঙ্কে! পরিবারের দাবি, ২০০২ সালের ভোটার তালিকায় নামের বানান ভুল থাকায় তা নিয়ে আতঙ্কে ছিলেন বছর ষাটের ওই বৃদ্ধ।

জানা গিয়েছে, বৃদ্ধের নাম খায়রুল শেখ হলেও, ২০০২ সালের ভোটার তালিকায় খয়রু শেখ বানানে তাঁর নাম উঠেছিল। এই ভুল থাকায় তিনি আতঙ্কিত ছিলেন। এসআইআর ঘোষণা হতেই সেই আতঙ্ক আরও বাড়ে। আশেপাশের লোকজনের থেকে বিভ্রান্তিমূলক কিছু তথ্য পেয়ে ভাবেন, তাঁর নাম ভোটার তালিকা থেকে বাদ যাবে। সেই ভয়ে তিনি আত্মহত্যার চেষ্টা করেন। তাঁকে সঙ্গে সঙ্গে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আপাতত তিনি চিকিৎসাধীন।

কোচবিহারের ঘটনা নিয়ে সুর চড়িয়েছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। বুধবার তিনি পানিহাটির প্রদীপের বাড়ি গিয়েছিলেন তাঁর পরিবারের সঙ্গে দেখা করতে। সেখানে তিনি বলেন, 'শুধু প্রদীপই নন, এসআইআর করে এমন ভয়ের সঞ্চার হয়েছে নানা জায়গায়। আতঙ্কে চরম পদক্ষেপ করছেন মানুষ। দিনহাটায় এমন একটি ঘটনার খবর কানে এসেছে তাঁর। আত্মহত্যার চেষ্টা করা ওই ব্যক্তি এখন হাসপাতালে চিকিৎসাধীন।'

## প্রকৃত ভোটার ভালো থাকুন, মুঠি শক্ত করার বার্তা মমতার

**নিজস্ব প্রতিবেদন:** দুর্গাপুজো, কালীপুজো শেষ। তবে উৎসবের মরশুম এখনও বাংলায়। রাজ্যের চন্দননগর এবং কৃষ্ণনগরে ধুমধাম করে জগদ্ধাত্রী পুজো হয়। চারদিনের পুজো হলেও বাংলায় মূলত নবমীতেই হয় জগদ্ধাত্রী আরাধনা। এদিনই নিয়ম মেনে হয় পুজোপাঠ। নবমীতেই ছুটি থাকে। তবে অষ্টমী থেকেই সর্বত্র পুজোর আমেজ। বুধবার মহাষ্টমীর সকালে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানান মমতা বন্দ্যোপাধ্যায়। লেখেন, 'সকলকে জানাই জগদ্ধাত্রী পুজোর আন্তরিক শুভেচ্ছা।'

বুধবার পোস্তা বাজারে জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনে যান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনের মঞ্চ থেকে মমতা বলেন, 'আমরা সকল উৎসবই পালন করি। ধর্ম যার যার, উৎসব সবার। আমি আর কিছু চাই না। আমাদের দেশ ভাল থাক। বাংলা ভালো থাক। মানুষ ভালো থাক। আমি ডিভাইড অ্যান্ড রুল চাই না।' এর পরেই ভোটারদের অধিকার সম্বন্ধে তিনি বলেন, 'সব প্রকৃত ভোটার ভাল থাকুন। গণতন্ত্রের পিলারকে মজবুত রাখতে হবে। প্রত্যেকের গণতান্ত্রিক অধিকার যেন সুরক্ষিত থাকে। সকলে যেন নিজ নিজ অধিকার প্রয়োগ করতে পারেন।' দেশের স্বাধীনতার প্রসঙ্গে গান্ধিজি, রবীন্দ্রনাথ, নজরুল ইসলাম, সর্দার বল্লভভাই প্যাটেল প্রমুখের নাম করেছেন মমতা।

ঘটনাচক্রে, মঙ্গলবার থেকে রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সমীক্ষা (এসআইআর) শুরু হয়েছে। তার পরের দিন ভোটারদের অধিকার নিয়ে মুখ খুললেন মমতা। যদিও তিনি এসআইআর নিয়ে সরাসরি কিছু বলেননি।



পোস্তা বাজারে জগদ্ধাত্রী পুজোর উদ্বোধনে মুখ্যমন্ত্রী। ছবি: অদিতি সাহা

মুখ্যমন্ত্রীর মতে, সকলকে একজোট হয়ে থাকতে হবে। তবেই 'শক্ত করা যাবে মুঠি'। তিনি বলেন, 'মানবিকতা, মনুষ্যত্ব সবচেয়ে বড় ধর্ম। পাঁচটা আঙুল একসঙ্গে আছে বলেই আমাদের মুঠি শক্ত হচ্ছে। সাদা-কালো, ভাল-খারাপ, ছোট-বড় তো সর্বত্র থাকে। বজ্রমুষ্ঠি আলাদা করা চলবে না। রামকৃষ্ণ দেব, স্বামী বিবেকানন্দ, স্বয়ং শ্রীকৃষ্ণও এ কথা বলেছেন।'

## বিএলও নিয়ে কড়া কমিশন

**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার থেকে পশ্চিমবঙ্গ-সহ ১২টি রাজ্যে ভোটার তালিকার নিবিড় সংশোধনী বা এসআইআর কর্মসূচি শুরু হলেও বহু বিএলও এখনও দায়িত্ব গ্রহণে অনীহা দেখাচ্ছেন। নির্বাচন কমিশন এ বিষয়ে কঠোর পদক্ষেপের প্রস্তুতি নিচ্ছে। বৃহস্পতিবার দুপুর বারোটা পর্যন্ত যারা বিএলও হিসেবে কাজে যোগ দেবেন না তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হতে পারে, এমন কর্মীদের সাসপেন্ড করার কথাও ভাবা হচ্ছে।

নির্বাচন কমিশনের এক শীর্ষ কর্মকর্তা বলেন, 'ব্লক লেভেল অফিসারদের দায়িত্ব হল ভোটার তালিকার ভিত্তি মজবুত করা। তারা যদি দায়িত্ব নেন না, সারা প্রক্রিয়াই বাধাগ্রস্ত হবে।' কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, প্রতিটি জেলার প্রশাসনকে নির্দেশ পাঠানো হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টার মধ্যে যদি কেউ কাজ শুরু না করে তাদের নামের তালিকা কমিশনে পাঠাতে হবে। এরপরই শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হবে।

সিইও দপ্তরের নির্দেশনায় মঙ্গলবার ডিএমদের নিয়ে এক বৈঠকে এই বিষয়ে মৌখিক সতর্কতাও জানানো হয়েছে। বিশেষ নজর দেওয়া হচ্ছে শিক্ষক সমাজের উপর। কারণ রাজ্যের অনেক স্কুলশিক্ষককে এবারের কর্মসূচিতে বিএলও হিসেবে নিয়োগ করা হয়েছে, কিন্তু কমিশনের রিপোর্ট বলছে অনেকেই এখনও কাজে যোগ দেননি। জেলা প্রশাসনের এক কর্তা জানান, 'অনেক শিক্ষক নানা অজুহাত দেখাচ্ছেন। কিন্তু কমিশন এবার আর ছাড় দিতে রাজি নয়।' রাজ্যের বিভিন্ন জেলায় কমিশনের তৎপরতা বাড়ছে। জেলা পর্যায়ে দায়িত্ব না নেওয়া কর্মীদের তালিকা প্রেরণ করে দ্রুত পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অন্যদিকে, নির্বাচন সংক্রান্ত যাবতীয় প্রশ্ন, অভিযোগ বা তথ্য জানার জন্য আরও সহজ ব্যবস্থা চালু করল ভারতের নির্বাচন কমিশন। এখন থেকে নাগরিকেরা ১৯৫০ ভোটার হেল্পলাইন নম্বর এবং 'বিএলও-কে ফোন বুকিং' সুবিধার মাধ্যমে তাঁদের সমস্ত ভোট-সংক্রান্ত প্রশ্ন বা অভিযোগ সরাসরি জানাতে পারবেন।

## ভোট প্রক্রিয়ায় রাজনীতি, চড়া সুর শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** বুথ লেভেল অফিসার (বিএলও) পদে শাসক দলের সদস্য নিয়োগ করা হলে ভোটার তালিকা সংশোধনের কাজের নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতা মারাত্মকভাবে ক্ষুণ্ণ হবে। এমনটাই দাবি করেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ।

সম্প্রতি তাঁর নজরে এসেছে দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভার একটি বুথে তৃণমূল কংগ্রেসের দলীয় সদস্যকে বিএলও হিসাবে নিয়োগের তথ্য। ওই নিয়োগ ঘটেছে স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে। তাঁর বিবরণ অনুযায়ী, বিএলও-এর নাম দিব্যেন্দু সর্দার। জেলা দক্ষিণ ২৪ পরগনা। বিধানসভা (এসি) নম্বর ১৪৪। কেন্দ্রের নাম ফলতা। পার্ট নম্বর ১৭৬। পার্ট নাম চাঁদপালা সন্তোষপুর রামকৃষ্ণ বিদ্যালয়। দিব্যেন্দু সর্দার বর্তমানে ফলতা ব্লকের হরিণডাঙ্গা,১ গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত তৃণমূল কংগ্রেসের সদস্য। তবু তাঁকেই বুথ লেভেল অফিসার পদে নিয়োগ করা হয়েছে।

শুভেন্দুর বক্তব্য, 'এই রকম কোনো রাজনৈতিক দলের সদস্যদের বিএলও হিসেবে নিয়োগ করা হলে ভোটার তালিকা সংক্রান্ত কাজের নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতার উপর প্রশ্ন ওঠে। গোটা বিএলও তালিকায় এ ধরনের বহু নাম রয়েছে যারা সরাসরি শাসক দলের সাথে যুক্ত এবং ভোটার তালিকার সংশোধনে গরমিল করতে সিদ্ধহস্ত। তাই স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার জন্য নির্বাচনের আগেই ভারতীয় নির্বাচন কমিশনের হস্তক্ষেপ করা একান্তভাবে প্রয়োজন।'

তিনি আরও বলেন, 'আমি পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচন আধিকারিকের কাছে অনুরোধ করব তিনি যেন বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করে রাজনৈতিকভাবে যুক্ত ব্যক্তিদের বিএলও পদ থেকে অবিলম্বে অপসারণের ব্যবস্থা গ্রহণ করেন।' শুভেন্দু বলেন, 'বিহারের জেলে ৫২ জন বিএলও আছে, এই কথাটি মাথায় রেখে তৃণমূল কি করতে বলছে সেটা শুনবেন। বিজেপি যা বলছে সেটা শুনবে না, নির্বাচন কমিশন যা বলছে সেটাই শুনবে।'

## এনআরসি-মৃত্যুতে তির অভিষেকের

**নিজস্ব প্রতিবেদন: আগরপাড়ায় প্রদীপ করের আত্মহত্যা ঘিরে উত্তাল রাজ্য রাজনীতি। বুধবার নিহতের পরিবারের সঙ্গে দেখা করে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমরা থাকতে বাংলায় এনআরসি বা এসআইআরের নামে একটিও প্রকৃত ভোটারের নাম বাদ যাবে না।' তিনি দাবি করেন, প্রদীপ কর স্পষ্ট লিখে গিয়েছেন, তাঁর মৃত্যুর জন্য দায়ী এনআরসি। বিজেপিকে আক্রমণ করে অভিষেকের হুঁশিয়ারি, ''এলাকায় বিজেপি নেতারা এলে তাঁদের ঘিরে ধরবেন, বেঁধে রাখবেন, জিজ্ঞেস করবেন, 'বাবা, ঠাকুরদার সার্টিফিকেট নিয়ে এসেছ?' তবে গায়ে হাত দেবেন না, আমরা হিংসায় বিশ্বাসী নই।'' কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধেও প্রশ্ন তোলেন তিনি। ঘোষণা করেন, 'প্রদীপ করের মৃত্যুর ন্যায়বিচার চাই, জাস্টিস ফর প্রদীপ কর।' বৃহস্পতিবার রাজ্য জুড়ে প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে তৃণমূল।**

**এদিকে, অভিষেক বন্দোপাধ্যায়ের বুধবার পানিহাটির বাসিন্দা প্রয়াত প্রদীপ করের বাড়ি যাওয়াকে কটাক্ষ করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, 'নাটক, পুরোটাই নাটক করছে অভিষেক বন্দ্যোপাধ্যায়, যে কোনও মৃত্যুই অত্যন্ত খারাপ। যে কথাগুলো বলা হচ্ছে সেগুলো সত্যি কিনা তদন্ত করে দেখা দরকার। এসআইআরের ভয় দেখিয়ে মানুষদের টেনশনে রেখে ভীতির পরিবেশ তৈরির কাজ করছে তৃণমূল। এসআইআর আগেও হয়েছে, হচ্ছে ভবিষ্যতেও হবে। এটা দেশের সংবিধান স্বীকৃত। তবে এসআইআর দেখিয়ে লোকেদের ভয় দেখানোর যে কাজ তৃণমূল করছে তা সংবিধান বিরোধী।'**

## অযোগ্য যেন চাকরি না পায়, সতর্কবাণী সুপ্রিমের

**নয়াদিল্লি, ২৯ অক্টোবর:** কোনও অযোগ্য প্রার্থী যেন চাকরিতে নিযুক্ত না হয়, রাজ্যকে ফের নির্দেশ শীর্ষ আদালতের। প্রসঙ্গত, বুধবার এসএসসি সংক্রান্ত একটি মামলার শুনানি ছিল বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে। সেখানেই বিচারপতি সঞ্জয় কুমার উল্লেখ করেন, এসএসসি সংক্রান্ত মামলাগুলি এখনও আদালত শুনছে। আদালত চায় না কোনও ফাঁক গলে কোনও অযোগ্য প্রার্থী ফের চাকরি পেয়ে যান। এর পাশাপাশি বুধবার টেইনটেইড প্রার্থীদের আবেদন শুনতেই চাননি বিচারপতিরা। একইসঙ্গে এদিন এসএসসি-র ফল প্রকাশ নিয়েও এদিন প্রশ্ন করতে শোনা যায় বিচারপতিদের।

এদিকে, এসএসসি সূত্রে খবর, গ্রুপ-সি শিক্ষাকর্মী পদে নিয়োগের জন্য মোট ৬০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে ওএমআর পদ্ধতিতে। শিক্ষাগত যোগ্যতার জন্য বরাদ্দ ১০ নম্বর, ইন্টারভিউয়ে ১০ নম্বর এবং কম্পিউটার টাইপিং ও অতিরিক্ত কম্পিউটার জ্ঞানের জন্য ১৫ নম্বর। এর সঙ্গে কাজের অভিজ্ঞতার জন্য থাকবে আরও ৫ নম্বর। এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, সম্প্রতি রাজ্যের সরকারপোষিত ও সাহায্যপ্রাপ্ত স্কুলে শিক্ষাকর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। মোট ৮,৪৭৭টি শূন্যপদে নিয়োগ হবে। এর মধ্যে গ্রুপ-সি (করণিক) পদে ২,৯৮৯টি এবং গ্রুপ-ডি পদে ৫,৪৪৮টি শূন্যপদ রয়েছে। আগামী ৩ নভেম্বর থেকে ৩ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। এসএসসি সূত্রে খবর, এই পরীক্ষা নেওয়া হবে ২০২৬ সালের ফেব্রুয়ারিতে। আবেদন প্রক্রিয়া অনলাইনেই সম্পন্ন করতে হবে। গ্রুপ-সি পদের ক্ষেত্রে সাধারণ ও ওবিসি প্রার্থীদের আবেদন ফি ৪০০ টাকা এবং তপসিলি প্রার্থীদের জন্য ১৫০ টাকা নির্ধারণ করেছে এসএসসি।

উল্লেখ্য, চলতি বছরের এপ্রিলে সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের ২৫,৭৫২ জন শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল হয়েছে। কমিশন সূত্রে খবর, আদালতের নির্দেশ মেনেই নতুন নিয়োগ প্রক্রিয়ায় 'যোগ্য' প্রাক্তন শিক্ষাকর্মীদের বাড়তি সুবিধা দেওয়া হচ্ছে।কমিশনের এক আধিকারিক জানান, 'এই সুবিধা কোনও মর্জিমাফিক নয়। আইনজ্ঞদের পরামর্শ মেনেই যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য করা হচ্ছে।'

## ঘূর্ণিঝড় শক্তি হারালেও শুক্র পর্যন্ত বাংলায় বৃষ্টি

**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার রাতে অন্ধ্রপ্রেদেশের আছড়ে পড়ে মান্থা, এমনটাই জানিয়েছিল আবহাওয়া দপ্তর। তবে এটাও বলা হয়েছিল, অন্ধ্র যে প্রবল প্রভাব পড়বে, তা বাংলায় পড়বে না। তবে এর প্রভাবে প্রবল বৃষ্টি গোটা বাংলা জুড়ে হবে, এমনটাও জানানো হয়। পূর্বাভাসকে সত্য করে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বুধবার সকাল থেকে হয় বৃষ্টিও।

এদিকে মঙ্গলবার রাতেই অন্ধ্রপ্রদেশের উপকূলে কাকিনাড়ার কাছাকাছি মছলিপত্তনম ও কলিঙ্গপত্তনমের মধ্যে মঙ্গলবার ল্যান্ডফল প্রক্রিয়া শুরু হয় এবং পরবর্তী তিন থেকে চার ঘণ্টা ধরে চলে তার তাণ্ডব। ঝড়ের সময় বাতাসের গতি ছিল ঘণ্টায় ৯০ থেকে ১০০ কিলোমিটার। দুর্যোগে প্রাণহানিও হয়। অন্ধ্রপ্রদেশে জারি হয় হাই অ্যালার্ট। ঝড়ের দাপটে কোনাসিমা জেলার মাকানাগুদেম গ্রামে গাছ পড়ে মৃত্যু হয় এক মহিলার। অন্ধ্রে উপকূলবর্তী এলাকা থেকে শিবিরে সরানো হয় ৭৬ হাজার জনকে। ঘূর্ণিঝড়ের প্রভাবে দুর্যোগের কারণে ১২২টি ট্রেনও বাতিল করা হয়। অন্যদিকে, ওড়িশার উপকূলবর্তী জেলাগুলিতে শুরু হয়েছে ঝড়বৃষ্টি। সেখানে ১৫টি জেলায় জনজীবন বিপর্যস্ত। দুর্যোগের জেরে স্কুল, কলেজ বন্ধ রাখা হয়।

এদিকে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্র খবর, মান্থা অন্ধ্র তেলঙ্গানা বর্ডার থেকে ধীরে ধীরে ছত্তিশগড়ের দিকে সরছে। পাশাপাশি এটি পরবর্তীকালে আরও খানিকটা দুর্বল হবে। সাধারণ নিম্নচাপে পরিণত হয়ে বিহারের দিকে সরে আসবে। তবে এর প্রভাবে দুর্ভোগ কিন্তু বাংলায় থেকেই যাচ্ছে। কারণ, বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প ঢুকবে। ফলে এর জেরে শুক্রবার পর্যন্ত বাংলায় ভারী বৃষ্টি হবে।

আবহাওয়া দপ্তরের সতর্কবার্তা অনুযায়ী, ঘূর্ণিঝড় মান্থা অন্ধ্র উপকূল পেরিয়ে ধীরে ধীরে দুর্বল হলেও তার প্রভাব আগামী কয়েক দিন বাংলার আকাশে বজায় থাকবে। ফলে রাজ্যের বহু জায়গায় ঝড়বৃষ্টি অব্যাহত থাকবে সপ্তাহের শেষ পর্যন্ত।

এর পাশাপাশি ৩০ শে অক্টোবর পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে মৎস্যজীবীদের জন্য। সঙ্গে বৃহস্পতিবারেও ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। পুরুলিয়া, বীরভূম পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং মুর্শিদাবাদে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সতর্কতা। সব জেলাতেই ৩০ থেকে ৪০ কিলোমিটার গতিবেগে দমকা বাতাস বইতে পারে।

একদিন
আমার শহর
কলকাতা, ৩০ অক্টোবর ২০২৫, ১২ কার্তিক ১৪৩২, বৃহস্পতিবার

## রাষ্ট্রায়ত্ত ব্যাংকে আগুন

■ ঢাকুরিয়ায় একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের শাখায় আগুন। বুধবার সকালে ব্যাংকের ভিতর থেকে ধোঁয়া বেরিয়ে আসতে দেখেন স্থানীয় বাসিন্দা ও ব্যাংকের নিরাপত্তারক্ষীরা। এরপরই দ্রুত খবর দেওয়া হয় দমকলে। খবর পেয়েই দমকলের ৬টি ইঞ্জিন পৌঁছয় ঘটনাস্থলে। বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। কেউ হতাহত হননি। আগুন লাগার কারণ খতিয়ে দেখছে দমকল। স্থানীয় সূত্রে খবর, এদিন সকালে পৌনে ৬টা নাগাদ ব্যাংকে আগুন লাগে। ব্যাংক খোলার সময় না হওয়ায় কোনও কর্মী কিংবা গ্রাহক ব্যাংকে ছিলেন না। ফলে বড় বিপদ এড়ানো গিয়েছে বলে মনে করছেন দমকল কর্মীরা। তবে ব্যাঙ্কে নানা নথি থাকে। সেইসব নথিপত্রের যাতে বেশি ক্ষতি না হয় তার চেষ্টাই প্রথমত চালান দমকলকর্মীরা। এদিকে দমকল কর্মীদের প্রাথমিক অনুমান, শটসার্কিট থেকে ওই আগুন লাগতে পারে। এসি মেশিন থেকে আগুন লাগার সম্ভাবনাও আছে। দমকল কর্মীরা জানান, বেশ কিছু সময়ের চেষ্টায় ওই আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসে। কোনও পকেট ফায়ার আছে কিনা, তাও খতিয়ে দেখেন দমকলকর্মীরা। ব্যাঙ্কের ভিতরে আসবাবে ওই আগুন ছড়িয়েছিল। গ্রাহকদের নথি, অর্থ, লকারের কোনও ক্ষতি হয়নি। ব্যাংকের দোতলার বেশিরভাগ অংশ পুড়ে গিয়েছে বলে খবর। ব্যাংকে আগুন লাগার খবর পেয়ে পৌঁছে গিয়েছিলেন স্থানীয় বাম কাউন্সিলর মধুছন্দা দেব। তিনি জানান, খবর পেয়েই আমি এখানে আসি। কেউ আহত হয়েছেন কি না, সেটা জানতেই আমি আসি। কেউ আহত হননি বলেই জানতে পেরেছি।

## মা ফ্লাইওভারে দুর্ঘটনা

■ মা ফ্লাইওভারে পরপর তিনটি গাড়ির ধাক্কা, আহত ২। স্থানীয় সূত্রে খবর, সায়েন্স সিটির কাছে একটি গাড়ি আচমকা ব্রেক মেরে ডিভাইডারে ধাক্কা মারলে পিছনে পরপর আরও দুটি গাড়ি ধাক্কা মারে। এই দুর্ঘটনা জেরে তীব্র যানজট তৈরি হয় মা ফ্লাইওভারে। প্রসঙ্গত, গত মাসেও মা ফ্লাইওভারে দুর্ঘটনার কবলে পড়েছিল পরপর চারটে গাড়ি। একটা গাড়ি দ্রুত গতিতে এসে পরপর তিনটে গাড়িকে ধাক্কা মারে। তবে সেই দুর্ঘটনাতেও কারও মৃত্যু হয়নি। দুর্ঘটনাগ্রস্ত গাড়িগুলিকে উদ্ধার করে পুলিশ। প্রসঙ্গত, মা ফ্লাইওভারে ৬০ কিলোমিটারের বেশি বেগে গাড়ি চলাচলে নিষেধাজ্ঞা রয়েছে। তবুও মা ফ্লাইওভারে আকছার দুর্ঘটনা ঘটেই থাকে। প্রাণহানির ঘটনাও ঘটে। দুর্ঘটনার জেরে মাঝে রাতে মা ফ্লাইওভারে গাড়ি চলাচলের ক্ষেত্রেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। পরে তা তুলে দেওয়া হয়। মোতায়েন থাকে পুলিশও। কিন্তু তারপরও কোনওভাবে দুর্ঘটনা এড়ানো সম্ভব হচ্ছে না। কিন্তু ওই চালক কী কারণে ওই ব্যস্ততম সময়ে দ্রুত গতিতে গাড়ি চালাচ্ছিলেন, তা জানার চেষ্টা করছেন পুলিশকর্তারা।

## টাইম ম্যাগাজিনে সচ্চিদানন্দ



■ লর্ডস মার্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড (এলএমআইএল)-এর ম্যানেজিং ডিরেক্টর সচ্চিদানন্দ উপাধ্যায় এক উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছেন টানা দ্বিতীয়বার টাইম ম্যাগাজিনে ফিচার হয়ে। এই বিরল সম্মান তাঁকে সেই বৈশ্বিক ব্যবসায়িক ব্যক্তিত্বদের অভিজাত গোষ্ঠীর অন্তর্ভুক্ত করেছে, যেখানে ভারতের কিছু শ্রদ্ধেয় শিল্প অগ্রদূতও রয়েছেন, যাঁরা শিল্প ও সমাজে অবদানের জন্য দুইবার ফিচার হয়েছেন। টাইম ম্যাগাজিনের 'এন্ট্রোপ্রেনিউরস টু ওয়াচ' তালিকায় ২০২৪ এবং ২০২৫ - দুই বছরই সচিদানন্দ উপাধ্যায়ের নাম অন্তর্ভুক্ত হওয়া এই প্রমাণ যে তিনি এখন ভারতের হেলথকেয়ার ও অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রের ভবিষ্যৎকে নতুনভাবে গড়ে তোলার আন্তর্জাতিক স্বীকৃত নেতা।



শাস্ত্রাচারে ভক্তিধারায় লেক কালীবাড়ীর জগদ্ধাত্রীপুজো।

# সুইসাইড নোট প্রকাশ্যে আনা হোক, পানিহাটিতে আত্মহত্যার ঘটনায় দাবি অর্জুন সিংয়ের

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** পানিহাটি পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের চার নম্বর মহাজাতি নগরে মঙ্গলবার সকালে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়েছেন এক প্রৌঢ়। মৃত ব্যক্তি ৫৭ বছরের প্রদীপ কর। মৃতের পরিবার ও পুলিশের দাবি, মৃতদেহের পাশ থেকে একটি সুইসাইড নোট পাওয়া গেছে। যাতে উল্লেখ রয়েছে, তাঁর মৃত্যুর জন্য নাকি এনআরসি দায়ী। আত্মহত্যার ঘটনার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজের এক্স হ্যান্ডেলে লিখেছেন, কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখছি অবিলম্বে এই 'হৃদয়হীন খেলা' বন্ধ করা হোক। পানিহাটির এই ঘটনা নিয়ে মুখ খুলেছেন বিজেপি নেতা প্রাক্তন সাংসদ অর্জুন সিং। তিনি সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বলেছেন, মমতা ব্যানার্জি সবসময় লাশের রাজনীতি করেন। প্রথমে উনি হুঙ্কার ছাড়লেন, এসআইআর হলে বাংলায় আগুন জ্বলবে। এসআইআর হলে রাজ্য লন্ডভন্ড হয়ে যাবে। এক লক্ষ লোক দিল্লিতে নিয়ে গিয়ে নির্বাচন কমিশন ঘেরাও করা হবে। কিন্তু বাংলায় তো এসআইআর প্রক্রিয়া শুরু হয়ে



গেছে। ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ আরও বলেন, পানিহাটিতে একজনের মৃত্যু হয়েছে। সেই মৃত্যু নিয়ে রাজনীতি শুরু হয়ে গিয়েছে। আসরে নেমে পড়েছেন অভয়ার দেহ চোর নান্টু ঘোষ, আর দেহ পোড়ানোর অন্যতম কারিগর সোমনাথ দে। তাঁর কটাক্ষ, এঁদের কাজটা ঠিক এই রকম, হুজুর বলেছে, গোলাম লাফালাফি শুরু করে দিয়েছে। পদ্ম শিবিরের এই লড়াকু নেতা বলেন, মমতা ব্যানার্জি কি সুইসাইড নোট দেখেছেন? মমতা ব্যানার্জি কিংবা নান্টু ঘোষ অথবা পার্থ ভৌমিকের সুইসাইড নোট দেখার অধিকার আছে কি, এমনই প্রশ্ন তুললেন বিজেপি নেতা অর্জুন সিং। তাঁর সাফ বক্তব্য, ওনারা যদি সুইসাইড নোট দেখে থাকেন তাহলে সেই সুইসাইড নোট প্রকাশ্যে আনা হোক। তাঁর দাবি, এসআইআর হলে তৃণমূলের ভোট ব্যাংক ভেঙে তছনছ হয়ে যাবে। তবে মমতা ব্যানার্জি বুঝতে পারছেন, উনি লড়াইতে গেলে শেষ হয়ে যাবেন। আবার লড়াইতে না গেলে অনুপ্রবেশকারী, রোহিঙ্গারা তাঁর বিরুদ্ধে চলে যাবে। তাঁর সাফ বক্তব্য, মমতা ব্যানার্জি সর্বদা মিথ্যা কথা বলেন। প্রাক্তন সাংসদ অর্জুন সিংয়ের সংযোজন, পানিহাটির বাসিন্দা অভয়ার ঘটনা ধামাচাপা দেওয়ার জোর চেষ্টা চলেছে। তাঁর দাবি, আসলে পানিহাটি মমতা ব্যানার্জির পক্ষে 'সেফ প্যাসেজ'। আসলে ভোট ব্যাংক ধরে রাখতে মমতা ব্যানার্জি নাটক করছেন। বিজেপি নেতা অর্জুন সিং মমতা ব্যানার্জিকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেন, সাহস থাকলে এই আত্মহত্যার ঘটনার তদন্তভার উনি কেন্দ্রীয় এজেন্সির হাতে তুলে দিক। তাঁর কথায়, এসআইআর কিংবা এনআরসি-র জন্য কেউ আত্মহত্যা করে নাকি।

জনসংখ্যার তুলনায় ভোটার অস্বাভাবিক হারে বেড়েছে

# আজব সংখ্যাতত্ত্বে প্রশ্ন বিরোধী দলের, উত্তপ্ত রাজ্য-রাজনীতি

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০০২ থেকে ২০২৫; এই ২৩ বছরে পশ্চিমবঙ্গে জনসংখ্যা বেড়েছে সর্বাধিক ২৫ শতাংশ। কিন্তু একই সময়ে ভোটার বেড়েছে প্রায় ৬৬ শতাংশ! জনসংখ্যা যেখানে ৮ কোটি ২ লক্ষ থেকে পৌঁছেছে ৯ কোটি ৯৮ লক্ষে, সেখানে ভোটার সংখ্যা ৪ কোটি ৫৮ লক্ষ থেকে লাফিয়ে ৭ কোটি ৬০ লক্ষে। সংখ্যার এই অস্বাভাবিক ফারাক নিয়েই এখন গরম রাজ্য রাজনীতি।

রাজ্যজুড়ে শুরু হয়েছে ভোটার তালিকা সংশোধনের বিশেষ অভিযান; স্পেশ্যাল ইন্টেন্সিভ রিভিশন (এসআইআর)। নির্বাচন কমিশন বলছে, এটি নিয়মিত প্রক্রিয়ার অংশ। কিন্তু বিরোধীদের অভিযোগ, এসআইআর-কে ঢাল করে ভোটার কারচুপির প্রস্তুতি নিচ্ছে শাসক দল।

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, যেখানে জনসংখ্যা বাড়ছে ২৫ শতাংশ, সেখানে ভোটার বাড়ছে ৬৬ শতাংশ! এ



কেমন হিসেব? ভোটার তালিকায় মৃত, ভুয়ো ও অনধিকারপ্রাপ্তদের নাম তুলেছে তৃণমূল। আমরা চাই, ভোটার তালিকা একেবারে পরিষ্কার হোক।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বক্তব্য আরও তীব্র, বিহারের জেলে ৫২ জন বিএলও আছে। এই কথাটি মাথায় রেখে ভাবুন, তৃণমূল কী করতে বলছে। নির্বাচন কমিশন যদি সত্যিই নিরপেক্ষ হয়, তাহলে ভুয়ো ভোটারদের নাম মুছে ফেলতেই হবে। রাজ্যে এখন ভোটার তালিকা হয়ে উঠেছে একেবারে কারখানা।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস পাল্টা দাবি তুলেছে, বিজেপি ভয় পাচ্ছে সাধারণ মানুষের ভোটে। তাই এখন অজুহাত খুঁজছে। বৈধ ভোটারদের নাম কাটা হলে আমরা চুপ থাকব না, বলছেন তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ। বিতর্কের মাঝখানে নির্বাচন কমিশন দৃঢ় অবস্থান নিয়েছে। মুখ্য নির্বাচন আধিকারিক মনোজ আগরওয়াল জানান, এসআইআর হবে সম্পূর্ণ নিয়মমাফিক। কোনো বৈধ ভোটার বাদ যাবে না, আবার কোনো ভুয়ো ভোটারও রাখা হবে না। আধার কার্ড পরিচয়ের প্রমাণ, নাগরিকত্বের নয়।

নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারও জানিয়েছেন, এসআইআর একটি স্বচ্ছ ও বৈজ্ঞানিক প্রক্রিয়া। এর লক্ষ্য; ভোটার তালিকাকে আপডেট, নির্ভুল ও নিরপেক্ষ রাখা।

তবে রাজনৈতিক মহল মনে করছে, জনসংখ্যার তুলনায় ভোটার বৃদ্ধির এই অস্বাভাবিক হারে কিছু প্রশ্নের উত্তর এখনও অমীমাংসিত। বিশেষত, ২৩ বছরে ৬৬ শতাংশ ভোটার বৃদ্ধি মানে গড়ে প্রতি ৫ জনে ২ জন নতুন ভোটার; যা কোনও স্বাভাবিক ডেমোগ্রাফিক বৃদ্ধির সঙ্গে খাপ খায় না। তাই এখন রাজ্য জুড়ে প্রশ্ন একটাই, এই ভোটার বৃদ্ধির অঙ্ক গণতন্ত্রের জয়ে, না কি প্রশাসনিক অঙ্কের খেলা?

# বাংলা ধ্বংস হয়ে গেছে তৃণমূলের রাজনীতিতে, অভিযোগ সুকান্তর

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যে রাজনৈতিক হিংসা ও নির্বাচনী প্রস্তুতি নিয়ে ফের সরব হলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। বুধবার এক বক্তব্যে তিনি তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানিয়ে বলেন, বাংলা আজ তৃণমূলের রাজনীতির কারণে ধ্বংস হয়ে গেছে। প্রতিদিন সাধারণ মানুষ খুন হচ্ছেন, বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন। আজও পাঁশকুড়ায় আমাদের দু'জন কর্মীকে অপমানের পর নৃশংসভাবে খুন করা হয়েছে। আহত আরও এক জন হাসপাতালে ভর্তি আছেন।

তিনি আরও বলেন, আমরা জানি, তিনি (অভিষেক বন্দ্যোপাধ্যায়) বন্ধুবান্ধবদের নিয়ে অনেক কাজ করছেন। আমি শুধু বলব, বিজেপি এবার ক্ষমতায় আসবে। তৃণমূলকে যদি সরানো যায়, তাহলে আসন আরও বাড়বে। আর তৃণমূল থাকলেও বিজেপি শক্তিশালী থাকবে, কারণ এটা



ভারতেরই গর্ব; বাংলার অস্তিত্বের প্রতীক।

সুকান্ত মজুমদার বাংলার বর্তমান পরিস্থিতিকে 'যুদ্ধবিধ্বস্ত দেশের মতো' বলে উল্লেখ করেন। তাঁর কথায়, যদি বাংলায় মুক্তি আসে, তাহলে কেন বাংলা ধ্বংসের মুখে? আজ জয়দেব ভল্লাধরের ভাইসহ বিজেপি কর্মীদের হত্যা করা হচ্ছে। এটাই বাংলার বর্তমান চিত্র। এসআইআর (স্পেশ্যাল ইন্টেন্সিভ রিভিশন) প্রসঙ্গেও তিনি তৃণমূল ও বাম-কংগ্রেসকে দ্বিচারিতার রাজনীতি করছে বলেন, তারা এখন বলছে বিজেপি নাকি এসআইআরের সহযোগী! যাঁরা নাচতে জানেন না, তাঁরা নাচের মঞ্চকেই দোষ দেন। নির্বাচন কমিশনের অবস্থান খুবই স্পষ্ট; যোগ্য ভোটারের নামই থাকবে ভোটার তালিকায়। কোনও ধর্ম, জাতি বা রাজনৈতিক পক্ষপাত সেখানে নেই। যে সৎ নাগরিক, তাঁর নাম থাকবে; যারা নয়, তাদের থাকবে না। তবুও তৃণমূল বিভ্রান্তি ছড়াচ্ছে। সুকান্তের কটাক্ষ, তারা আবার প্রশ্ন করছে; বিজেপি নাকি নির্বাচন কমিশনের সহযোগী! আসলে ভয় পেয়েছে তৃণমূল। তাই দোষ চাপাচ্ছে কমিশনের ঘাড়ে। বাংলায় এখন এমন অবস্থা; তৃণমূল না থাকলে উন্নতি হয়, তৃণমূল থাকলেও বিজেপির শক্তি আরও বাড়ে।




পিঞ্জরাপোল সোসাইটির উদ্যোগে গোপাষ্টমী উপলক্ষে বুধবার হাওড়া ও কলকাতার ১৩০টি স্থানে একযোগে গো-পূজন অনুষ্ঠিত হয়। হাওড়ার ডবসন রোডে শ্রীকৃষ্ণ গৌ সেবা চ্যারিটেবল ট্রাস্ট-এর আয়োজনে এলাকার সনাতনী পরিবারগুলি ভক্তিভরে গো-মাতার পূজা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ছিলেন বিজেপির রাজ্য সম্পাদক উমেশ রায়।

## প্রাথমিক চাকরি বাতিলের মামলায় আদালতে প্রশ্নের মুখে পর্ষদ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা: প্রাথমিক ৩২০০০ চাকরি বাতিল মামলায় আদালতে প্রশ্নের মুখে প্রাথমিক শিক্ষা পর্ষদ। আদালত সূত্রে খবর, বুধবার কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানিতে মূলত এদিন পাঁচ প্রশ্নবাণে আদালত বিদ্ধ করে প্রাথমিক বোর্ডকে। আদালতের প্রশ্ন, এই একক বেঞ্চের চাকরি বাতিলের নির্দেশে ভুল কোথায়। পাশাপাশি এ প্রশ্নও করা হয়, পুরুলিয়া, দক্ষিণ ২৪ পরগনা-সহ বিভিন্ন জেলায় যোগ্য ছেড়ে অযোগ্যদের চাকরির অভিযোগ কেন সে ব্যাপারেও। পাশাপাশি প্রশ্ন ওঠে এস বাসু রায় কোম্পানির ভূমিকা নিয়েও। আদালত এদিন জানতে চায় এস বাসু রায় কোম্পানি কি শুধুই টেট ২০১৪ পরিচালনা করেছে না নিয়োগ প্রক্রিয়াতেও তাদের ভূমিকা ছিল? এর পাশাপাশি আদালত এদিন এ প্রশ্নও করে, ডিপিএসসিগুলি থেকে কেন্দ্রীয়ভাবে বোর্ড চেয়ারম্যানের হাতে ক্ষমতা হস্তান্তর, এই সংশোধনী সম্পূর্ণ পদ্ধতি মেনে হয়েছে কি না সে ব্যাপারেও। একই সঙ্গে আদালত এও জানতে চায়, রাজ্যের অনুমোদন নিয়ে সংশোধনী করা হয়েছিল কি না। বুধবার এই পাঁচ বিষয়ে প্রাথমিক বোর্ডকে অবস্থান জানাতে নির্দেশ দিয়েছে বিচারপতি তপোব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চ। পাশাপাশি, আদালতের তরফে এও জানানো হয়েছে, সিবিআই চার্জশিটে দুর্নীতি নিয়ে সওয়ালে যে অভিযোগ তোলা হয়েছে, সে সম্পর্কেও অবস্থান জানাতে হবে বোর্ডকে। ২০১৬ প্রাথমিক নিয়োগের সময় কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের প্রশিক্ষণ - প্রশিক্ষণহীনদের নিয়ে ছাড় ছিল না বলে অভিযোগ রয়েছে, বোর্ডের বক্তব্য কী এদিন তাও জানতে চেয়েছে বিচারপতি তপোব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চ। ৬ নভেম্বর ফের মামলার শুনানি।**

# 'ডিটেক্ট অ্যান্ড ডিলিট' না হলে ভোটার তালিকা পরিষ্কার হবে না: শমীক ভট্টাচার্য

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য বুধবার সল্টলেক পার্টি অফিসে সাংবাদিক সম্মেলনে এসআইআর প্রক্রিয়া ও রাজ্যের জনসংখ্যা প্রবণতা নিয়ে সরাসরি আক্রমণাত্মক ভাষায় তৃণমূলকে টার্গেট করলেন। ২০০২ থেকে বর্তমানের রিপোর্ট তিনি উপস্থাপন করে বলেন, রাজ্যের মধ্যে মুসলিম জনসংখ্যা নির্দিষ্ট অঞ্চলে অতিরিক্তভাবে বেড়েছে; ডায়মন্ড হারবার ও জয়নগর কেন্দ্রে তা আকর্ষণীয়ভাবে লক্ষ করা যায়। তিনি দাবি করেন কলকাতা উপকণ্ঠের বিধানসভাগুলোতেও এই পরিবর্তন ঘটছে এবং বাংলাদেশি মৌলবাদের ছাপ পশ্চিমবঙ্গে ধীরে ধীরে ছড়িয়ে পড়ছে।

নিজ বক্তব্যে শমীক একধাপ এগিয়ে বললেন, বিজেপি ধর্মভিত্তিক রাজনীতি করে না; আমাদের লক্ষ্য 'ডিটেক্ট অ্যান্ড ডিলিট'; বিদেশি নাগরিকদের নাম ভোটার তালিকা থেকে মুছে ফেলা। তিনি রোহিঙ্গা ও বাংলাদেশি অনুপ্রবেশকারীদের নাম তালিকা থেকে সরিয়ে ফেলতে হবে বলে পুনরাবৃত্তি করেন এবং স্থানীয় 'আদি বাসিন্দা' মুসলিমদের সঙ্গে কোনও বিরোধ নেই বলে জোর দেন।

সিএএ, এসআইআর প্রসঙ্গে তিনি কটাক্ষ করে বলেন, যেখানে বিহারে এসআইআর শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে, সেখানে পশ্চিমবঙ্গে আতঙ্ক ছড়ানো হচ্ছেদ; এবং মুখ্যমন্ত্রীকে সতর্ক করেন।

## ৬ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগে শিলমোহর দিল রাজভবন

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** সুপ্রিম কোর্টের নির্দেশমতো রাজ্যের ছয় বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগে শিলমোহর দিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজভবনের পক্ষ থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যের ছয়টি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। রাজ্যপাল আবু তালেব খানকে বিশ্ববাংলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিযুক্ত করেছেন। চন্দ্রদীপা ঘোষ ঝাড়গ্রামের সাধু রামচন্দ্র মুর্মু বিশ্ববিদ্যালয় উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন। আশিস ভট্টাচার্য গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হচ্ছেন। আশুতোষ ঘোষ দায়িত্ব নিচ্ছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে। উদয় বন্দ্যোপাধ্যায় কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিযুক্ত হয়েছেন। এছাড়া প্রফেসর চিরঞ্জীব ভট্টাচার্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিযুক্ত হয়েছেন। রাজ্যপালের তরফে জানানো হয়েছে, এই নিয়োগগুলি বিশ্ববিদ্যালয় পরিচালনার স্বচ্ছতা ও প্রশাসনিক ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে করা হয়েছে। রাজ্যের উচ্চশিক্ষা পরিমণ্ডলে নতুন নেতৃত্বের হাত ধরে শিক্ষাক্ষেত্রে গতি আসবে বলেই আশা করা হচ্ছে। অক্টোবরের ৬ তারিখ সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল কলকাতা যাদবপুর-সহ ছ'টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগ করতে হবে। তার তিন সপ্তাহ পরে মঙ্গলবার রাজভবনে হবু ছয় উপাচার্যকে ডেকে ২০ মিনিটের বৈঠক করেন আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস। তার একদিনের পরেই ৬ বিশ্ববিদ্যালয় উপাচার্য নিয়োগের শিলমোহর দিল রাজভবন।

# সোনার সঙ্গে এবার নিম্নমুখী রুপোর দামও, খুশি ক্রেতারা

**শুভাশিস বিশ্বাস**

বুধবার সকালে কলকাতায় ২৪ ক্যারেট সোনার দাম গ্রামপিছু ১২ হাজার ১৫৮ টাকা। ২২ ক্যারেটের ক্ষেত্রে তা ১১ হাজার ১৪৫ টাকা। আবার ১৮ ক্যারেটের ক্ষেত্রে সেই দামই ৯ হাজার ১১৯ টাকা। যদিও তিন ক্ষেত্রেই এই মূল্যবৃদ্ধি মঙ্গলবার থেকে সামান্য বেশি। তবু সার্বিক ভাবে দাম এখন অনেকটাই কমেছে। ধনতেরাসের দিন সোনার দামের দিকে তাকালেই তা বোঝা যাবে। ওইদিন কলকাতায় ২৪ ক্যারেট, ২২ ক্যারেট ও ১৮ ক্যারেট সোনার দাম গ্রামপিছু ছিল যথাক্রমে ১৩ হাজার ২৭৭ টাকা, ১২ হাজার ১৭০ টাকা এবং ৯ হাজার ৯৫৮ টাকা। মাত্র দুই সপ্তাহের ব্যবধানে দামের পতন অনেকটাই। নিঃসন্দেহে যা হাসি ফোটাচ্ছে ক্রেতাদের মুখে।

পাশাপাশি রুপোর দাম ক্রমাগত বাড়ছিল ঠিকই তবে এবার তা থমকে দাঁড়াল। শুধু তাই নয়, মাত্র সাত দিনের মধ্যে, রুপোর দাম কমেছে প্রতি কেজিতে ২০,০০০ টাকারও বেশি। কেবল মাল্টি কমোডিটি এক্সচেঞ্জেও নয়, দেশীয় বাজারেও রুপোর দাম তীব্রভাবে কমেছে। ১৬ অক্টোবর, মাল্টি কমোডিটি এক্সচেঞ্জে রুপোর দাম ছিল প্রতি কেজি ১৬৭,৬৬৩ টাকা। তবে, শুক্রবার, মাল্টি কমোডিটি এক্সচেঞ্জে -এ ১ কেজি রুপোর ফিউচার মূল্য কমে ১৪৭,১৫০ টাকায় দাঁড়িয়েছে। ফলস্বরূপ, মাত্র ৭ ব্যবসায়িক দিনে রুপোর দাম প্রতি কেজি ২০,৫১৩ টাকা কমেছে। এই পতনের পিছনের প্রধান কারণগুলি সম্পর্কে অর্থনৈতিক বিশেষজ্ঞরা জানাচ্ছেন,



সোনার পতন অব্যাহত রয়েছে, সেইসঙ্গে আরেকটি মূল্যবান ধাতু, রুপোর দামও কমছে।

এর প্রথম কারণ, দীপাবলি এবং ধনতেরাস উৎসবের পর চাহিদা কমে যাওয়া, যা দামের উপর চাপ সৃষ্টি করেছে। দ্বিতীয় কারণ, বিনিয়োগকারীদের মুনাফা বুকিংয়ের কারণে রুপোর দাম সর্বকালের সর্বোচ্চে পৌঁছনোর পর কমে গেছে। আর তৃতীয় কারণ হল, মার্কিন ডলারের শক্তিমত্তাকে বিবেচনা করা হচ্ছে। সোনা এবং রুপো উভয়ই ডলারে লেনদেন হয়। অতএব, যখন মার্কিন ডলার শক্তিশালী হয়, তখন অন্যান্য দেশের বিনিয়োগকারীদের জন্য রুপোর দাম আরও বেশি হয়ে যায় এবং এর চাহিদা হ্রাস পায়। ২০১৯ সাল থেকে ডলার সূচক ০.৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। যদিও সামান্য, তবুও এটি বিনিয়োগকারীদের মনোভাবের উপর প্রভাব ফেলছে। ডলারের শক্তিশালী হওয়ার ফলে বিনিয়োগকারীরা সোনা এবং রুপোর মতো মূল্যবান ধাতু থেকে অর্থ তুলে ডলারে বিনিয়োগ করতে বাধ্য হয়েছেন, যার ফলে রুপোর দাম কমেছে।

এছাড়াও রয়েছে ভূ-রাজনৈতিক স্থিতিশীলতা। যদি বিশ্ব পরিস্থিতি স্থিতিশীল থাকে বা অর্থনৈতিক উত্তেজনা কমে যায়, তাহলে নিরাপদ আশ্রয়স্থল হিসেবে বিবেচিত মূল্যবান ধাতুর চাহিদা কমে যায়। মার্কিন যুক্তরাষ্ট্র এবং চিনের মধ্যে চলমান বাণিজ্য উত্তেজনা দীর্ঘদিন ধরে এই ধাতুগুলির দাম বৃদ্ধির দিকে পরিচালিত করেছিল, কিন্তু এখন দুই দেশের মধ্যে উত্তেজনা কমার লক্ষণগুলি এর দামের উপর চাপ সৃষ্টি করেছে এবং রুপোর দাম কমেছে। পঞ্চম কারণটি ইটিএফ এবং কমোডিটি মার্কেটে ওঠানামাকে বিবেচনা করা যেতে পারে। যখন বৃহৎ ইটিএফ ফান্ডস রুপোর উপর তাদের হোল্ডিং কমিয়ে দেয়, তখন বাজারে সরবরাহ বৃদ্ধি পায় এবং দাম কমতে শুরু করে।

# পাঞ্জাব নৈশনল বৈঙ্ক punjab national bank

মুর্শিদাবাদ সার্কেল অফিস, ২৬/১১, শহিদ সূর্য সেন রোড, পোঃ- বহরমপুর, জেলা- মুর্শিদাবাদ, (পঃবঃ), ই-মেল: cs8283@pnb.co.in

## স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফেইসি) অ্যাক্ট, ২০০২ (২০০২ -এর ৫৪ নং) -এর অধীন ব্যাঙ্কে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির বিক্রয়**

| লটে সম্পত্তি (নিচে উল্লেখ করা হয়েছে) | ইএমডি দাখিলের শেষ তারিখ | সময় পর্যন্ত |
|---|---|---|
| ক্রমিক নং ১ থেকে ১৭ | অনলাইন : ২৬.১১.২০২৫ | দুপুর ১.০০টা পর্যন্ত |
| ক্রমিক নং ১৮ থেকে ২৭ | অনলাইন : ০৫.১২.২০২৫ | দুপুর ১.০০টা পর্যন্ত |

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ -এর রুল ৮(৬) অনুবিধির সঙ্গে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা সাধারণভাবে জনগণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)কে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি সুরক্ষিত ঋণদাতাদের কাছে বন্ধকী/চার্জযোগ্য আছে, যার গঠনমূলক/ বাস্তবিক / প্রতীকী দখল নিয়েছেন ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক / সুরক্ষিত ঋণদাতা, তা **"যেখানে যেমন আছে", "যেখানে যা আছে"** এবং **"যেখানে যা-কিছু আছে"** ভিত্তিতে বিক্রি হবে অত্র নিম্নে প্রদত্ত সারণিতে বর্ণিত তারিখে, স্ব-স্ব ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)-এর কাছ থেকে ব্যাঙ্ক / সুরক্ষিত ঋণদাতাদের কাছে বকেয়া পাওনা উদ্ধারের জন্য। সংরক্ষিত মূল্য ও অগ্রিম মূল্য জমা করতে হবে নিচের সারণিতে সংশ্লিষ্ট সম্পত্তির পাশে বর্ণিতমতো।

**স্থাবর সম্পত্তির বিবরণ (উক্ত সম্পত্তি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক/ বাস্তবিক দখল অধীনে)**

| লট নং | শাখার নাম / অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা / জামিনদারদের নাম ও ঠিকানা | বন্ধকীকৃত স্থাবর সম্পত্তিসমূহের বিবরণ, মালিকের নাম (সম্পত্তিসমূহ-এর বন্ধকদাতাগণ) এবং দখল | ক) সেকশন ১৩(২) অধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) বকেয়া পরিমাণ | ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি গ) দর বৃদ্ধির পরিমাণ | ক) ই-অকশনের তারিখ এবং সময় খ) সুরক্ষিত ঋণদাতার কাছে জ্ঞাত দায়বদ্ধতার বিশদ |
|---|---|---|---|---|---|
| ১. | **শাখার নাম:** গোরাবাজার (০৮২২২০)<br>**এ/সি নাম- মহঃ মিনারউদ্দিন শেখ**<br>**মহঃ মিনারউদ্দিন শেখ (ঋণগ্রহীতা)** পিতা - মীরমদন শেখ, গ্রাম - দহেরধর, পোঃ- মহুলা, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩<br>**তাজিয়া খাতুন (ঋণগ্রহীতা)** স্বামী - মহঃ মিনারউদ্দিন শেখ, গ্রাম - দহেরধর, পোঃ- মহুলা, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩ | মৌজা- মহুলা, জেএল নং ৩, এলআর প্লট নং ৬৭০, এলআর খতিয়ান নং ৫০২৪ -এর অধীন ০.০৩৫ একর পরিমাপের জমি ও আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন ভিটি। মহুলা নং ১ গ্রাম পঞ্চায়েত, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ -এর অধীন। ২০০৩ সালের ৪৭১৫ নং বিক্রয় দলিল অনুযায়ী, ডি.আর. মুর্শিদাবাদের অফিসে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: মহঃ মিনারউদ্দিন শেখ,** পিতা- মীরমদন শেখ<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২৭.০৪.২০২৩<br>খ) ০১.০৮.২০২৩<br>গ) ১৪,৩২,২০২.০০ টাকা **(চৌদ্দ লক্ষ বত্রিশ হাজার দুইশো দুই টাকা মাত্র) ২৭.০৪.২০২৩ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২৩ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ৬,৪৪,৪০০.০০ টাকা<br>খ) ৬৪,৪৪০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ২. | **শাখার নাম:** বেলডাঙা (০২৩০২০)<br>**এ/সি নাম- মেসার্স তহুরা ড্রেসেস**<br>**মেসার্স তহুরা ড্রেসেস (ঋণগ্রহীতা)**<br>**স্বত্বাধিকারী- ইব্রাহিম শেখ (ঋণগ্রহীতা)** পিতা - মৃত জমিরউদ্দিন শেখ, গ্রাম - বড়ুয়া পশ্চিমপাড়া, পোঃ- বড়ুয়া, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৮৯ | মৌজা- বড়ুয়া, জেএল নং ৬০, আরএস প্লট নং ২২৮৭, এলআর ২৩১৭, এলআর খতিয়ান নং ৩৭৩৫ -এর অধীন ৩.৭৫ ডেসিমেল পরিমাপের জমি ও দোতলা আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন ভিটি। দেবকুন্ডু গ্রাম পঞ্চায়েত, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৮৯-এর অধীন। ২০১৭ সালের ৮৪৩৩ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর বেলডাঙার অফিসে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: ইব্রাহিম শেখ,** পিতা- মৃত জমিরউদ্দিন শেখ<br>**(দখল - গঠনমূলক)** | ক) ১০.০২.২০২২<br>খ) ১১.০৮.২০২২<br>গ) ৮,৮৭,৭৪৮.০০ টাকা **(আট লক্ষ সাতাশি হাজার সাতশো আটচল্লিশ টাকা মাত্র)** ১০.০২.২০২২ তারিখের হিসাব অনুযায়ী, ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৫,৩৯,০০০.০০ টাকা<br>খ) ১,৫৩,৯০০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৩. | **শাখার নাম: পাটিকাবাড়ী (০৯৩১২০)**<br>**এ/সি নাম- মেসার্স সুনীতা এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা)**<br>**স্বত্বাধিকারী- ক) শুভজিৎ দত্ত** গ্রাম ও পোঃ- পাটিকাবাড়ী, থানা - নওদা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৬২,<br>**খ) শুভজিৎ দত্ত** পিতা - শান্তনু দত্ত, গ্রাম - ঘোষপাড়া, পাটিকাবাড়ী, পোঃ- পাটিকাবাড়ী, থানা - নওদা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১২১<br>**সুনীতা দত্ত (জামিনদার)** স্বামী - শান্তনু দত্ত, গ্রাম - ঘোষপাড়া, পাটিকাবাড়ী, পোঃ- পাটিকাবাড়ী, থানা - নওদা, জেলা - মুর্শিদাবাদ, পিন-৭৪২১২১ | জমি ও একতলা আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা- পাটিকাবাড়ী, জেএল নং ৩৬, প্লট নং আরএস ২৪৯৭, ২৪৯৮, ২৪৯৯, এলআর ২৭১১, ২৭২২, ২৭১৩, যার মোট পরিমাপ ২ ডেসিমেল, ১০ ডেসিমেল, ৫ ডেসিমেল অর্থাৎ মোট ১৭ ডেসিমেল। এর মধ্যে উত্তর থেকে দক্ষিণে বিস্তৃত পশ্চিম দিকের ৫ ডেসিমেল জমি, এলআর খতিয়ান নং ৫৬৭০-এর অধীন। জমির ধরন - বাড়ি। পাটিকাবাড়ী গ্রাম পঞ্চায়েত, থানা- নওদা, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০০৫ সালের ৩৫৫ নং বিক্রয় দলিল অনুযায়ী, এস.আর. অফিস, আমতলায় নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: সুনীতা দত্ত,** স্বামী- শান্তনু দত্ত<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২২.০৯.২০২২<br>খ) ২৮.১২.২০২২<br>গ) ৮,৯৩,৬৯৯.৮২ টাকা **(আট লক্ষ তিরানব্বই হাজার ছয়শো নিরানব্বই টাকা এবং বিরাশি পয়সা মাত্র) ২২.০৯.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ০২.০৫.২০২২ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১১,৬৬,৪০০.০০ টাকা<br>খ) ১,১৬,৬৪০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৪. | **শাখার নাম: জিতপুর (১২৯৮২০)**<br>**এ/সি নাম- মনিরুল ইসলাম (ঋণগ্রহীতা)**<br>**মনিরুল ইসলাম** পিতা - মৃত সাজি রহমান মন্ডল, গ্রাম - চরুনগর, পোঃ- কুশাবেড়িয়া, থানা - ডোমকল, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২৪০৬ | মৌজা- চরুনগর, জেএল নং ৬৩, এলআর প্লট নং ১৮৬/৩৩৬, এলআর খতিয়ান নং ৭৮৬, নতুন এলআর খতিয়ান নং ৯২১-এর অধীন ৫ ডেসিমেল পরিমাপের জমি ও একতলা ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন ভিটি। ১২ নং জুরানপুর গ্রাম পঞ্চায়েত, থানা- ডোমকল, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১৯ সালের ১০৪৬৩ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর ডোমকলে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: মনিরুল ইসলাম,** পিতা- মৃত সজি রহমান মন্ডল<br>**(দখল - গঠনমূলক)** | ক) ০৭.১১.২০২২<br>খ) ২৪.০২.২০২৩<br>গ) ১৩,০০,৪১৫.৫২ টাকা **(তেরো লক্ষ চারশো পনেরো টাকা এবং বাহান্ন পয়সা মাত্র) ০৭.১১.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ০২.০৫.২০২২ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১২,৬৯,০০০.০০ টাকা<br>খ) ১,২৬,৯০০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৫. | **শাখার নাম: ভগবানগোলা (০২৩২২০)**<br>**এ/সি নাম- মহঃ মিকাইল**<br>**মহঃ মিকাইল (ঋণগ্রহীতা)** পিতা - আব্দুল মান্নান মন্ডল, গ্রাম - বাটিকামারী, পোঃ- বাহাদুরপুর, থানা - ভগবানগোলা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৫।<br>**মহঃ ইসরাফিল (জামিনদার)** পিতা - আব্দুল মান্নান মন্ডল, গ্রাম - বাটিকামারী, পোঃ- বাহাদুরপুর, থানা - ভগবানগোলা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৫। | মৌজা- কসবা বাহাদুরপুর, জেএল নং ৫৬, এলআর প্লট নং ১৫৩১, এলআর খতিয়ান নং ৩৮৩০-এর অধীন ৮.৫ ডেসিমেল পরিমাপের জমি ও একতলা আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন- ভিটি। মহম্মদপুর গ্রাম পঞ্চায়েত, থানা- ভগবানগোলা, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১০ সালের ১৩৯০৩ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর ভগবানগোলায় নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: ১. মহঃ মিকাইল, ২. মহঃ ইসরাফিল** উভয়েরই পিতা- আব্দুল মান্নান মন্ডল, গ্রাম- বাটিকামারী, পোঃ- বাহাদুরপুর, থানা- ভগবানগোলা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৫<br>**(দখল - গঠনমূলক)** | ক) ১৭.০৯.২০২২<br>খ) ১৪.০২.২০২৩<br>গ) ১৮,২২,১২৪.১৫ টাকা **(আঠারো লক্ষ বাইশ হাজার একশো চব্বিশ টাকা এবং পনেরো পয়সা মাত্র) ১৭.০৯.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৭,২৭,১০০.০০ টাকা<br>খ) ১,৭২,৭১০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৬. | **শাখার নাম: বেলডাঙা (০২৩০২০)**<br>**এ/সি নাম- মেসার্স নিউ রেহেনা স্টিল ফার্নিচার অ্যান্ড গিফট হাউস (ঋণগ্রহীতা)**<br>**স্বত্বাধিকারী- আব্দুল আওয়াল মোল্লা,** গ্রাম - বড়ুয়া, দক্ষিণপাড়া, পোঃ- বড়ুয়া, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৮৯<br>**শাহিনুর বেগম (জামিনদার)** স্বামী - আব্দুল আওয়াল মোল্লা, গ্রাম - বড়ুয়া, দক্ষিণপাড়া, পোঃ- বড়ুয়া, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৮৯ | মৌজা- বড়ুয়া, জেএল নং ৬০, প্লট নং আরএস ১৮৯৯, এলআর ৩১৭২, এলআর খতিয়ান নং ৮৮০৬-এর অধীন ৫.৩১ ডেসিমেল পরিমাপের জমি ও দোতলা আবাসিক ও বাণিজ্যিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন - বাড়ি। দেবকুন্ডু গ্রাম পঞ্চায়েত, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১৮ সালের ৯৬০৯ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর বেলডাঙায় নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: আব্দুল আওয়াল মোল্লা,** পিতা- মহঃ ইসরাইল মোল্লা, গ্রাম- বড়ুয়া, দক্ষিণপাড়া, পোঃ- বড়ুয়া, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৮৯<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২০.০৯.২০২২<br>খ) ০৩.১২.২০২২<br>গ) ১৭,৭৮,২২৭.০০ টাকা **(সতেরো লক্ষ আটাত্তর হাজার দুইশো সাতাশ টাকা মাত্র) ২০.০৯.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ২৬.০৮.২০২২ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ৪৪,০০,১০০.০০ টাকা<br>খ) ৪,৪০,০১০.০০ টাকা<br>গ) ৫০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৭. | **শাখার নাম: বহরমপুর (৪৪৬৬০০)**<br>**এ/সি নাম- নাসিমা খাতুন**<br>**নাসিমা খাতুন (ঋণগ্রহীতা)**<br>**ঠিকানা ১:** স্বামী - মহঃ জাহাঙ্গীর আলম, গ্রাম - রায়পুর, পোঃ- নাতুনপাড়া, থানা - হরিহরপাড়া, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৬৫।<br>**ঠিকানা ২:** স্বামী - মহঃ জাহাঙ্গীর আলম, ৫ম তলা, ফ্ল্যাট নং ৩, জুয়েল অ্যাপার্টমেন্ট, ২৩, মহারাজা সিরিশ চন্দ্র রোড, পোঃ- খাগড়া, থানা - বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০৩<br>**জামিনদার- মহঃ জাহাঙ্গীর আলম**<br>**ঠিকানা ১:** পিতা - মৃত মহঃ ইয়াসিন, গ্রাম- খরগ্রাম, পোঃ- তালসুর, থানা-হরিশচন্দ্রপুর, জেলা- মালদা, পিন- ৭৩২১২৫<br>**ঠিকানা ২:** পিতা - মৃত মহঃ ইয়াসিন, ৫ম তলা, ফ্ল্যাট নং ৩, জুয়েল অ্যাপার্টমেন্ট, ২৩, মহারাজা সিরিশ চন্দ্র রোড, পোঃ- খাগড়া, থানা - বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০৩ | মৌজা- গড় বহরমপুর, জেএল নং ৯১, প্লট নং আরএস ও এলআর ২০৪৩, খতিয়ান নং আরএস ১১২০, এলআর ৫০৩৮-এর অধীন ১৯.০৩ ডেসিমেল পরিমাপের জমি। জমির ধরন - ভিটি। এবং প্লট নং আরএস ও এলআর ২০৮৩, খতিয়ান নং আরএস ৫১৫, এলআর ৫০৩৮ -এর অধীন ২.৪৪ ডেসিমেল পরিমাপের জমি এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন - ভিটি। এই দুটি প্লটের ওপর হোল্ডিং নং ২৩, মহারাজা সিরিশ চন্দ্র রোড, ওয়ার্ড নং ১২, বহরমপুর পৌরসভার অধীন, থানা- বহরমপুর, জেলা- মুর্শিদাবাদ -এ অবস্থিত জুয়েল অ্যাপার্টমেন্ট নামে পরিচিত বি+জি+৫ তলা ভবনের ৫ম ফ্লোরের ৩ নং ফ্ল্যাট, যার সুপার বিল্ট-আপ এলাকা ১০৫০ বর্গফুট। ২০১৬ সালের ১৪৬৩ নং বিক্রয় দলিল অনুযায়ী, এডিএসআর, সদর জেলা মুর্শিদাবাদের অফিসে নিবন্ধিত। ১) নাসিমা খাতুন, স্বামী- মহঃ জাহাঙ্গীর আলম, গ্রাম- রায়পুর, পোঃ- নাতুনপাড়া, থানা- হরিহরপাড়া, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৬৫, ২) মহঃ জাহাঙ্গীর আলম, পিতা- মৃত মহঃ ইয়াসিন, গ্রাম- খরগ্রাম, পোঃ- তালসুর, থানা- হরিশচন্দ্রপুর, জেলা- মালদা, পিন- ৭৩২১২৫ - এর নামে।<br>**স্বত্বাধিকারী: ১. নাসিমা খাতুন, ২. মহঃ জাহাঙ্গীর আলম**<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২৩.১২.২০২৪<br>খ) ০২.০৫.২০২৫<br>গ) ১০,৯৫,৪০৪.২৮ টাকা **(দশ লক্ষ পঁচানব্বই হাজার চারশো চার টাকা এবং আঠাশ পয়সা মাত্র) ৩০.১১.২০২৪ তারিখের হিসাব অনুযায়ী,** এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ২৯,০৭,৯০০.০০ টাকা<br>খ) ২,৯০,৭৯০.০০ টাকা<br>গ) ৫০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৮. | **শাখার নাম: বহরমপুর (৪৪৬৬০০)**<br>**এ/সি নাম- মহঃ কালিমউদ্দিন**<br>**মহঃ কালিমউদ্দিন (ঋণগ্রহীতা)** পিতা - মহঃ সাদেক আলী, ১২/২/এ, জসিমউদ্দিন খলিফা লেন, পোঃ- খাগড়া, থানা - বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০৩।<br>**মহঃ সুলেমান (ঋণগ্রহীতা)** পিতা - মহঃ সাদেক আলী, ১২/২/এ, জসিমউদ্দিন খলিফা লেন, পোঃ- খাগড়া, থানা - বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০৩।<br>**মহঃ সুফিউদ্দিন (জামিনদার)** পিতা - মহঃ সাদেক আলী, ১২/২/এ, জসিমউদ্দিন খলিফা লেন, পোঃ- খাগড়া, থানা - বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১০৩। | মৌজা- খাগড়া, জেএল নং ৯৭, এলআর প্লট নং ১৫৩২, এলআর খতিয়ান নং ৮০৪৭, ৮০৪৮, ৮০৪৯ -এর অধীন ০.০১৬৫ একর পরিমাপের জমি ও দোতলা আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন - ভিটি। বহরমপুর পৌরসভা, থানা- বহরমপুর, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ১৯৯৯ সালের ৮৩৪৪ নং এবং ২০০৬ সালের ৯৮১৪ নং বিক্রয় দলিল অনুযায়ী, উভয়ই এডিএসআর সদর, জেলা মুর্শিদাবাদের অফিসে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: ১. মহঃ কালিমউদ্দিন, ২. মহঃ সুলেমান, ৩. মহঃ সুফিউদ্দিন,** পিতা- মহঃ সাদেক আলী<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২১.১২.২০২২<br>খ) ২৯.০৩.২০২৩<br>গ) ১৭,৭৩,৬৪০.৬৮ টাকা **(সতেরো লক্ষ তিয়াত্তর হাজার ছয়শো চল্লিশ টাকা এবং আটষট্টি পয়সা মাত্র) ২১.১২.২০২২ তারিখ অনুযায়ী,** ২৯.০৯.২০২২ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ২০,৬০,১০০.০০ টাকা<br>খ) ২,০৬,০১০.০০ টাকা<br>গ) ৫০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ৯. | **শাখার নাম- কুমারদাহঘাট (১৩৫১২০)**<br>**এ/সি নাম- সুজিত পাল**<br>**সুজিত পাল (ঋণগ্রহীতা)** পিতা - বিশ্বনাথ পাল, গ্রাম - বাহারান, চকপাড়া, কিসমতিমাদপুর, পোঃ- বারুইপাড়া, থানা - হরিহরপাড়া, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৬৫ | মৌজা- কিসমত ইমাদপুর, জেএল নং ১৭, এলআর প্লট নং ১৯১৪, এলআর খতিয়ান নং ১০১৬৩-এর অধীন ০.০৩৩ একর পরিমাপের জমি ও একতলা আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন- ভিটি। খিদিরপুর গ্রাম পঞ্চায়েত, বাহারান চকপাড়া, থানা- হরিহরপাড়া, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১৭ সালের ৫৭৮৬ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর, হরিহরপাড়ার অফিসে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: সুজিত পাল,** পিতা- বিশ্বনাথ পাল<br>**(দখল - গঠনমূলক)** | ক) ০৪.০৮.২০২৩<br>খ) ১৫.০১.২০২৪<br>গ) ৬,০৪,৪৩৫.৩৪ টাকা **(ছয় লক্ষ চার হাজার চারশো পঁয়ত্রিশ টাকা এবং চৌত্রিশ পয়সা মাত্র) ০৪.০৮.২০২৩ তারিখের হিসাব অনুযায়ী,** ১০.০৪.২০২৩ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১০,৬৬,৫০০.০০ টাকা<br>খ) ১,০৬,৬৫০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১০. | **শাখার নাম: জগন্নাথপুর (১৮০৩২০)**<br>**এ/সি নাম- সাইফুল ইসলাম**<br>**সাইফুল ইসলাম (ঋণগ্রহীতা)** পিতা - আন্নাস শেখ, গ্রাম - লালনগর, পোঃ- নওপাড়া শিমুলিয়া, থানা - হরিহরপাড়া, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৪<br>**নার্গিস বিবি (জামিনদার)** স্বামী - সাইফুল ইসলাম, গ্রাম - লালনগর, পোঃ- নওপাড়া শিমুলিয়া, থানা - হরিহরপাড়া, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৪। | মৌজা- লালনগর, জেএল নং ২০, এলআর প্লট নং ৫৫৮৪, ৫৫৮৫, এলআর খতিয়ান নং ৬৯৫২-এর অধীন ১০ ডেসিমেল পরিমাপের জমি ও একতলা ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন ভিটি। হুমায়পুর গ্রাম পঞ্চায়েত, থানা- হরিহরপাড়া, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১৩ সালের ৬৯৮ নং বিক্রয় দলিল অনুযায়ী, এডিএসআর হরিহরপাড়া এবং ২০১৫ সালের ৫৬২৪ নং বিক্রয় দলিল অনুযায়ী, ডিএসআর-১, মুর্শিদাবাদের অফিসে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: সাইফুল ইসলাম,** পিতা- আন্নাস শেখ<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২৭.০৯.২০২২<br>খ) ২৪.০২.২০২৩<br>গ) ৪,৭০,৮১৭.৪৩ টাকা **(চার লক্ষ সত্তর হাজার আটশো সতেরো টাকা এবং তেতাল্লিশ পয়সা মাত্র) ২৭.০৯.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১২,৭০,৮০০.০০ টাকা<br>খ) ১,২৭,০৮০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১১. | **শাখার নাম: লালগোলা (১৫৩২১০)**<br>**এ/সি নাম- মহঃ সেলিম রেজা (ঋণগ্রহীতা)** পিতা - মহঃ আবুল কাসেম, গ্রাম - নতুন রমোনা, পোঃ- বাজুপুর মধুপুর, থানা - লালগোলা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৮। | মৌজা-বাজুপুর মধুপুর, জেএল নং ৯৫, খতিয়ান নং এলআর ৮০৭৬, দাগ নং এলআর ১৬৪, ১৬৭-এর অধীন ৯.৫ ডেসিমেল পরিমাপের জমি ও ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। গ্রাম- নতুন রমোনা, পোঃ- বাজুপুর মধুপুর, থানা- লালগোলা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৮।<br>**স্বত্বাধিকারী: মহঃ সেলিম রেজা**<br>**(দখল - গঠনমূলক)** | ক) ১০.০৮.২০২১<br>খ) ১৮.০১.২০২২<br>গ) ১৬,৫১,৮৮৯.০০ টাকা **(ষোলো লক্ষ একান্ন হাজার আটশো উননব্বই টাকা মাত্র) ০৯.০৮.২০২১ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১০,৫৯,৩০০.০০ টাকা<br>খ) ১,০৫,৯৩০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১২. | **শাখার নাম: রাজারামপুর (১০০৪২০)**<br>**এ/সি নাম- জমিরুল মন্ডল**<br>**জমিরুল মন্ডল (ঋণগ্রহীতা)** পিতা - আমজেদ মন্ডল, গ্রাম - চুয়াপুকুর, পোঃ- সাগিয়া, থানা - লালগোলা, জেলা - মুর্শিদাবাদ, পিন - ৭৪২১৪৮, পশ্চিমবঙ্গ | মৌজা- হরিশংকরপুর, গারাইমারি গ্রাম পঞ্চায়েত, থানা- ডোমকল, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন প্লট নং ১৩৫, যার পরিমাপ ৩.২৫ ডেসিমেল, খতিয়ান নং এলআর ২৪৬, জেএল নং ০৮৭, তৌজি নং ৫২৩, ধরন - বাড়ি-এর জমি ও ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল ।<br>**স্বত্বাধিকারী: আলাউদ্দিন মন্ডল,** পিতা- মৃত খলিলুর রহমান<br>**(দখল - গঠনমূলক)** | ক) ১৫.০৯.২০২১<br>খ) ১২.০৮.২০২২<br>গ) ৯,১৮,৩১৬.০০ টাকা **(নয় লক্ষ আঠারো হাজার তিনশো ষোলো টাকা মাত্র)** ১৩/২ নোটিশে উল্লেখিত হিসাবে, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ২৬,৪৫,১০০.০০ টাকা<br>খ) ২,৬৪,৫১০.০০ টাকা<br>গ) ৫০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৩. | **শাখার নাম: আমতলা (০৭৮৯২০)**<br>**এ/সি নাম- শঙ্কর মণ্ডল**<br>**শঙ্কর মণ্ডল (ঋণগ্রহীতা),** পিতা- সুখেন মণ্ডল, গ্রাম- খানপুর, পোঃ- মধুপুর, থানা- নওদা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১২১। | জমি ও দ্বিতল বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা- মধুপুর, জেএল নং ১৮, প্লট নং আরএস ও এলআর ৩৫১৭, এলআর খতিয়ান নং ১৩৬৮৮, যার পরিমাপ ৮ ডেসিমেল। জমির ধরন- বাড়ি। মধুপুর গ্রাম পঞ্চায়েত, খানপুর, মণ্ডল পাড়া, পোঃ- মধুপুর, থানা- নওদা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১২২-এর অধীন। ২০১২ সালের ৩৭১৭ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর, আমতলা (নওদা), মুর্শিদাবাদ-এ নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: শঙ্কর মণ্ডল,** পিতা- সুখেন মণ্ডল।<br>**(দখল- গঠনমূলক)** | ক) ২৪.০৫.২০২২<br>খ) ২০.১০.২০২২<br>গ) ৭,৫৫,৯২৬.১৪ টাকা **(সাত লক্ষ পঞ্চান্ন হাজার নয়শো ছাব্বিশ টাকা এবং চৌদ্দ পয়সা মাত্র) ২৪.০৫.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ০২.১০.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৭,৮৪,৭০০.০০ টাকা<br>খ) ১,৭৮,৪৭০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৪. | **শাখার নাম: বেলডাঙা (০২৩০২০)**<br>**এ/সি নাম- জাহাঙ্গীর আলম**<br>**জাহাঙ্গীর আলম (ঋণগ্রহীতা),** পিতা- আহসানউল্লা শেখ, গ্রাম- মারুই বাজার, দর্জিপাড়া, পোঃ ও থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩।<br>**মুসাম্মাত সুফিয়া খাতুন (জামিনদার),** স্বামী- আহসানউল্লা শেখ, গ্রাম- মারুই বাজার, দর্জিপাড়া, পোঃ ও থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩। | জমি ও একতলা আবাসিক বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা- বেলডাঙা, জেএল নং ৫১, প্লট নং আরএস ৮৯৪, এলআর ১৯৩৬, এলআর খতিয়ান নং ৮৯৯১, যার পরিমাপ ৩.৩ ডেসিমেল। জমির ধরন- ভিটি। বেলডাঙা পৌরসভা, হোল্ডিং নং ২১২/৫এন, দর্জিপাড়া, ওয়ার্ড নং ০৯, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১৮ সালের ৭২৯ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর বেলডাঙা-তে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: মুসাম্মাত সুফিয়া খাতুন,** স্বামী- আহসানউল্লা শেখ।<br>**(দখল- গঠনমূলক)** | ক) ১৯.০৯.২০২২<br>খ) ০৩.১২.২০২২<br>গ) ২,২৮,৯৬২.৯১ টাকা **(দুই লক্ষ আঠাশ হাজার নয়শো বাষট্টি টাকা এবং একানব্বই পয়সা মাত্র) ১৯.০৯.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৫.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৪,৯৮,৫০০.০০ টাকা<br>খ) ১,৪৯,৮৫০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৫. | **শাখার নাম: বেলডাঙা (০২৩০২০)**<br>**এ/সি নাম- মহঃ ইমতিয়াজ আহমেদ**<br>**মহঃ ইমতিয়াজ আহমেদ (ঋণগ্রহীতা),** পিতা- আব্দুল ওয়াহেদ, গ্রাম- বেলডাঙা, উত্তরপাড়া, পোঃ ও থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩। **এছাড়াও,** ১১৩/এন/৭, উত্তরপাড়া রোড, পোঃ ও থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩।<br>**ডলি বেগম (সহ-ঋণগ্রহীতা),** স্বামী- মহঃ ইমতিয়াজ আহমেদ, ১১৩/এন/৭, উত্তরপাড়া রোড, পোঃ ও থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩। | জমি ও একতলা আবাসিক বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা- বেলডাঙা, জেএল নং ৫১, আরএস প্লট নং ১৯০০, এলআর প্লট নং ৫১৬, এলআর খতিয়ান নং ৬৩২৭, যার পরিমাপ ৬.০৭ ডেসিমেল। জমির ধরন- ভিটি। বেলডাঙা পৌরসভা, হোল্ডিং নং ১১৩/এন/৭, উত্তরপাড়া রোড, ওয়ার্ড নং ৭, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৩-এর অধীন। ২০০৩ সালের ৬৭৭২ নং বিক্রয় দলিল অনুযায়ী, এডিএসআর বেলডাঙা-তে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: ডলি বেগম,** স্বামী- মোঃ ইমতিয়াজ আহমেদ।<br>**(দখল- গঠনমূলক)** | ক) ২৫.০১.২০২২<br>খ) ২০.০৪.২০২২<br>গ) ৮,৫৯,৮৫৩.৪৭ টাকা **(আট লক্ষ উনষাট হাজার আটশো তিপ্পান্ন টাকা এবং সাতচল্লিশ পয়সা মাত্র) ২৫.০১.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৮,৬০,৩০০.০০ টাকা<br>খ) ১,৮৬,০৩০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৬. | **শাখার নাম: ভগবানগোলা (০২৩২২০)**<br>**অ্যাকাউন্ট নাম: কিরমান আহমেদ**<br>**কিরমান আহমেদ (ঋণগ্রহীতা)** স্বত্বাধিকারী- মেসার্স হক এন্টারপ্রাইজ পিতা- মৃত পিয়ারুল হক, গ্রাম- মহেশ নারায়ণগঞ্জ, পো. ও থানা- ভগবানগোলা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৫<br>**শবনম পারভিন (জামিনদার)** স্বামী- কিরমান আহমেদ, গ্রাম- মহেশ নারায়ণগঞ্জ, পো. ও থানা- ভগবানগোলা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৫ | মহিষাস্থলী মৌজায় অবস্থিত জমি ও একতলা আবাসিক বাড়ি সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার জে.এল. নং ৬, প্লট নং আর.এস. এবং এল.আর. ৩১৫, খতিয়ান নং আর.এস. ৩৪৩, এল.আর. ৮২১৪, জমির পরিমাণ **২ ডেসিমেল,** জমির প্রকার- বাস্তু, ভগবানগোলা গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা- ভগবানগোলা, জেলা- মুর্শিদাবাদ, ডিএসআর- মুর্শিদাবাদ -এ নিবন্ধিত ২০১২ সালের ৮৩৩৮ নং দানপত্র দলিল। **স্বত্বাধিকারী: শবনম পারভিন,** স্বামী- কিরমান আহমেদ<br>**(দখল-গঠনমূলক)** | ক) ০২.০৭.২০২২<br>খ) ১৩.০১.২০২৩<br>গ) ৫,৩৮,৭৮০.০৪ টাকা **(পাঁচ লক্ষ আটত্রিশ হাজার সাতশত আশি টাকা এবং চার পয়সা মাত্র) ০২.০৭.২০২২ অনুযায়ী,** ৩১.০৩.২০২১ পর্যন্ত অর্জিত সুদ, তদুপরি আনুষঙ্গিক খরচ, ব্যয় ও অন্যান্য চার্জ সহ। | ক) ৬,৩৩,৬০০.০০ টাকা<br>খ) ৬৩,৩৬০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৭. | **শাখার নাম: বেলডাঙা (০২৩০২০)**<br>**অ্যাকাউন্ট নাম: ইমরান হোসেন**<br>**ইমরান হোসেন (ঋণগ্রহীতা)** পিতা- মহঃ আখের হোসেন, গ্রাম- কাজিসাহ সাহেবপাড়া, পো.- কাজিসাহ, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৩<br>**মহঃ আখের হোসেন (জামিনদার)** পিতা- মৃত জামাল আলি মণ্ডল, গ্রাম- কাজিসাহ সাহেবপাড়া, পো.- কাজিসাহ, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৩ | কাজিসাহ মৌজায় অবস্থিত ভূমি ও দোতলা আবাসিক বাড়ি সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার জে.এল. নং ৫৫, প্লট নং এল.আর. ১২৮, খতিয়ান নং এল.আর. ৪৬৩৭, জমির পরিমাণ **৩.৪৪ ডেসিমেল,** জমির প্রকার- ভিটি, বেগুনবাড়ি গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, এডিএসআর বেলডাঙা-এ নিবন্ধিত ২০১০ সালের ১১৫২ নং দানপত্র দলিল অনুযায়ী।<br>**স্বত্বাধিকারী: ইমরান হোসেন,** পিতা- মো. আখের হোসেন<br>**(দখল-গঠনমূলক)** | ক) ০২.০৭.২০২২<br>খ) ০৩.১২.২০২২<br>গ) ৬,৪০,৬৭৩.১৪ টাকা **(ছয় লক্ষ চল্লিশ হাজার ছয়শত তিয়াত্তর টাকা চৌদ্দ পয়সা মাত্র) ০২.০৭.২০২২ অনুযায়ী,** ০১.১১.২০২১ পর্যন্ত অর্জিত সুদ, তদুপরি আনুষঙ্গিক খরচ, ব্যয় ও অন্যান্য চার্জ সহ। | ক) ১৩,৬৫,৩০০.০০ টাকা<br>খ) ১,৩৬,৫৩০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ২৬.১১.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৮. | **শাখার নাম: মুর্শিদাবাদ (১৬২৪১০)**<br>**এ/সি নাম- মেসার্স রাজভিয়া বিল্ডার্স এবং রাজিয়া সুলতানা**<br>**মেসার্স রাজভিয়া বিল্ডার্স (ঋণগ্রহীতা),**<br>**স্বত্বাধিকারী- রাজিয়া সুলতানা** গ্রাম- শিবনগর (জামা মসজিদের কাছে), পোঃ- গুধিয়া, থানা ও জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪৩৩০২।<br>**রাজিয়া সুলতানা (ঋণগ্রহীতা)** স্বামী- মহঃ এনামুল কবির, গ্রাম- শিবনগর (জামা মসজিদের কাছে), পোঃ- গুধিয়া, থানা ও জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪৩৩০২।<br>**মহঃ এনামুল কবির (জামিনদার)** পিতা- মহঃ লোকমান শেখ, গ্রাম- শিবনগর (জামা মসজিদের কাছে), পোঃ- গুধিয়া, থানা ও জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪৩৩০২। | জমি ও দ্বিতল ইঁটের তৈরী বানিজ্যিক তথা আবাসিক বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা- বারান্দা শিবনগর, জেএল নং ৭৫, প্লট নং আরএস ১১৮৮, এলআর ১৫৫৪, এলআর খতিয়ান নং ২৬৯২, বর্তমান এলআর খতিয়ান নং ৩৬৬৩, যার পরিমাপ ৪ ডেসিমেল। জমির ধরন- বাড়ি। কাপাসডাঙ্গা গ্রাম পঞ্চায়েত, শিবনগর, থানা ও জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০১৭ সালের ৭২৪ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর লালবাগ, মুর্শিদাবাদ-এ নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: রাজিয়া সুলতানা,** স্বামী- এনামুল কবির।<br>**(দখল- গঠনমূলক)** | ক) ০২.০৭.২০২২ ও ১৬.০৮.২০২২<br>খ) ০৯.০৩.২০২৩<br>গ) ৯,১১,৪২০.০০ টাকা **(নয় লক্ষ এগারো হাজার চারশো কুড়ি টাকা মাত্র) ০২.০৭.২০২২ তারিখের হিসাব অনুযায়ী, ৩১.০৩.২০২২ তারিখ পর্যন্ত** সুদ সহ এবং **৬,৯৫,৯৩৩.০০ টাকা (ছয় লক্ষ পঁচানব্বই হাজার নয়শো তেত্রিশ টাকা মাত্র) ১৬.০৮.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ৩০.০৫.২০২২ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৬,৩১,৭০০.০০ টাকা<br>খ) ১,৬৩,১৭০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ০৫.১২.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ১৯. | **শাখার নাম: কান্দি (০৩৯২২০)**<br>**এ/সি নাম- অসিম কুমার দাস (ঋণগ্রহীতা)** পিতা - মৃত অধর হরি দাস, ৪/৮, পাঁচগাছিয়া, কান্দি, পোঃ ও থানা - কান্দি, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৭<br>**শুভেন্দু দাস (ঋণগ্রহীতা)** পিতা- অসিম কুমার দাস, লোহাপট্টি, কান্দি, পোঃ ও থানা- কান্দি, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৭<br>**অধর হরি দাস (জামিনদার)** পিতা - মৃত নরা হরি দাস, লোহাপট্টি, কান্দি, পোঃ ও থানা - কান্দি, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৭ | মৌজা- সাদপুর, জেএল নং ৬৫, এলআর প্লট নং ৪৫৮৭, এলআর খতিয়ান নং ৩৪, ৩৫০৭-এর অধীন ৫ ডেসিমেল পরিমাপের জমি ও দোতলা আবাসিক ভবনএর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। জমির ধরন - ভিটি। কান্দি পৌরসভা, হোল্ডিং নং ৪/৮, পাঁচগাছিয়া, ওয়ার্ড নং ৩, থানা- কান্দি, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন। ২০০৬ সালের ১৪ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর, কান্দি-এর অফিসে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: ১) শুভেন্দু দাস,** পিতা- অসিম কুমার দাস, **২) অধর হরি দাস,** পিতা- মৃত নরা হরি দাস<br>**(দখল - গঠনমূলক)** | ক) ২২.০৯.২০২২<br>খ) ২৭.১২.২০২২<br>গ) ২,১৫,৮৮৬.০০ টাকা **(দুই লক্ষ পনেরো হাজার আটশো ছিয়াশি টাকা মাত্র) ২২.০৯.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ১৮.০৯.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৪,০২,২০০.০০ টাকা<br>খ) ১,৪০,২২০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ০৫.১২.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ২০. | **শাখার নাম: কান্দি (০৩৯২২০)**<br>**এ/সি নাম- ধনঞ্জয় মণ্ডল**<br>**ধনঞ্জয় মণ্ডল (ঋণগ্রহীতা),** পিতা- পতিত পাবন মণ্ডল, গ্রাম- বানুপাড়া, ব্রাহ্মণপাড়া, পোঃ ও থানা- কান্দি, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৭।<br>**পতিত পাবন মণ্ডল (জামিনদার),** পিতা- মৃত শরৎ চন্দ্র মণ্ডল, গ্রাম- বানুপাড়া, ব্রাহ্মণপাড়া, পোঃ ও থানা- কান্দি, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৭।<br>**অতীশ মণ্ডল (জামিনদার),** গ্রাম- বানুপাড়া, ব্রাহ্মণপাড়া, পোঃ ও থানা- কান্দি, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৩৭। | জমি ও দ্বিতল আবাসিক বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা- ব্রাহ্মণপাড়া, জেএল নং ৮০, এলআর প্লট নং ৩৭৪, এলআর খতিয়ান নং ৫৪২, জমির ধরন- বাড়ি, যার পরিমাপ ৭ ডেসিমেল। জশোহারী অনুখা-১ গ্রাম পঞ্চায়েত, থানা- কান্দি, জেলা- মুর্শিদাবাদ- এর অধীন। ১৯৮০ সালের ৪৩৪৫ নং দানপত্র দলিল অনুযায়ী, এডিএসআর কান্দি-তে নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: পতিত পাবন মণ্ডল,** পিতা- মৃত শরৎ চন্দ্র মণ্ডল।<br>**(দখল- গঠনমূলক)** | ক) ২১.০২.২০২২<br>খ) ২৫.০৫.২০২২<br>গ) ২,১৩,৮৩২.৪০ টাকা **(দুই লক্ষ তেরো হাজার আটশো বত্রিশ টাকা এবং চল্লিশ পয়সা মাত্র) ২১.০২.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ৪,৩৮,৩০০.০০ টাকা<br>খ) ৪৩,৮৩০.০০ টাকা<br>গ) ১০,০০০.০০ টাকা | ক) ০৫.১২.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ২১. | **শাখার নাম: বেলডাঙা (০২৩০২০)**<br>**এ/সি নাম- মেসার্স সুইটি টেক্সটাইল**<br>**মেসার্স সুইটি টেক্সটাইল (ঋণগ্রহীতা)**<br>**স্বত্বাধিকারী - ফুরকান শেখ,** বেলডাঙা ছাপখানা মোড়, পোঃ ও থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩<br>**ঠিকানা ১: ফুরকান শেখ,** পিতা - শাহাবাজ শেখ, ৭২/১/এ, বিটারপাড়া (নজরুলপাড়া), পোঃ- বড়ুয়া, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩<br>**ঠিকানা ২: ফুরকান শেখ,** পিতা- শাহাবাজ শেখ , গ্রাম - মির্জাপুর, মল্লিকপাড়া, পোঃ- মির্জাপুর, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩<br>**সানুয়ার বিবি (জামিনদার)** স্বামী - ফুরকান শেখ, গ্রাম - মির্জাপুর, মল্লিকপাড়া, পোঃ- মির্জাপুর, থানা - বেলডাঙা, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩ | মৌজা- বড়ুয়া, জেএল নং ৬০, প্লট নং আরএস ২০৬৪, এলআর ৩৫৩৫, ৩৫৩৬, এলআর খতিয়ান নং ৭০২৯-এর অধীন ১.০৩ ডেসিমেল পরিমাপের জমি ও জি+২ তলা আবাসিক ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল । জমির ধরন - ভিটি। বেলডাঙা পৌরসভা, হোল্ডিং নং ৭২/১/এ, বিটারপাড়া, নজরুলপাড়া, ওয়ার্ড নং ০১, থানা- বেলডাঙা, জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২১৪৩ -এর অধীন। ২০১২ সালের ৫১৬৬ নং বিক্রয় দলিল অনুযায়ী, এডিএসআর বেলডাঙায় নিবন্ধিত।<br>**স্বত্বাধিকারী: ফুরকান শেখ,** পিতা- শাহাবাজ শেখ<br>**(দখল - গঠনমূলক)** | ক) ৩০.০৮.২০২২<br>খ) ২৪.০২.২০২৩<br>গ) ১৭,৪৩,০৮৭.২৬ টাকা **(সতেরো লক্ষ তেতাল্লিশ হাজার সাতাত্তর টাকা এবং ছাব্বিশ পয়সা মাত্র) ৩০.০৮.২০২২ তারিখের হিসাব অনুযায়ী,** ০১.০৮.২০২২ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১৮,৬০,৩০০.০০ টাকা<br>খ) ১,৮৬,০৩০.০০ টাকা<br>গ) ৫০,০০০.০০ টাকা | ক) ০৫.১২.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |
| ২২. | **শাখার নাম: বারতানাবাদ (১৩০২২০)**<br>**এ/সি নাম- মেসার্স বি এন্টারপ্রাইজ**<br>**মেসার্স বি এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা)**<br>**স্বত্বাধিকারী- রাজীব হোসেন** পিতা - আলাউদ্দিন মন্ডল, গ্রাম - হরিশংকরপুর, পোঃ- রায়পুর, থানা - ডোমকল, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪৩৩০৩<br>**আলাউদ্দিন মন্ডল (জামিনদার)** পিতা - মৃত খলিলুর রহমান, গ্রাম - হরিশংকরপুর, পোঃ- রায়পুর, থানা - ডোমকল, জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪৩৩০৩ | মৌজা- হরিশংকরপুর, গারাইমারি গ্রাম পঞ্চায়েত, থানা- ডোমকল, জেলা- মুর্শিদাবাদ-এর অধীন প্লট নং ১৩৫, যার পরিমাপ ৩.২৫ ডেসিমেল, খতিয়ান নং এলআর ২৪৬, জেএল নং ০৮৭, তৌজি নং ৫২৩, ধরন - বাড়ি-এর জমি ও ভবন এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল এর ন্যায়সঙ্গত বন্ধক ।<br>**স্বত্বাধিকারী: আলাউদ্দিন মন্ডল,** পিতা- মৃত খলিলুর রহমান<br>**(দখল - গঠনমূলক)** | ক) ১০.০৮.২০২১<br>খ) ২০.১২.২০২১<br>গ) ১৪,৩৪,৪৪৩.৫০ টাকা **(চৌদ্দ লক্ষ চৌত্রিশ হাজার চারশো তেতাল্লিশ টাকা এবং পঞ্চাশ পয়সা মাত্র) ০৯.০৮.২০২১ তারিখের হিসাব অনুযায়ী,** ৩১.০৩.২০২১ তারিখ পর্যন্ত সুদ সহ, এছাড়া অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয় এবং অন্যান্য চার্জ প্রযোজ্য। | ক) ১০,৬৫,৬০০.০০ টাকা<br>খ) ১,০৬,৫৬০.০০ টাকা<br>গ) ২০,০০০.০০ টাকা | ক) ০৫.১২.২০২৫ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) উপলব্ধ নয় |


এর পর পরবর্তী পৃষ্ঠায়...






# বাংলার মাটিতে টেনিসের নবজাগরণই এখন একমাত্র লক্ষ্য লিয়েন্ডার পেজের



ভারতীয় টেনিস ইতিহাসে এক অনন্য অধ্যায়ের নাম লিয়েন্ডার পেজ। তিন দশকেরও বেশি সময় ধরে আন্তর্জাতিক মঞ্চে ভারতের নাম উজ্জ্বল করেছেন এই কিংবদন্তি। অলিম্পিক, ডেভিস কাপ কিংবা গ্র্যান্ড স্ল্যাম; যেখানেই নেমেছেন, পেজ যেন ছিলেন এক অনুপ্রেরণার প্রতীক। তাঁর খেলার দক্ষতা যেমন বিস্ময়কর, তেমনই তাঁর ব্যক্তিত্বেও আছে এক সহজ-সরল মানবিক উষ্ণতা। 'একদিন'-এর বিট্টু দত্তকে দেওয়া বিশেষ সাক্ষাৎকারে উঠে এল তাঁর ব্যক্তিগত ও পেশাদার জীবনের নানা দিক।

**প্রশ্ন:** আপনার টেনিস জীবনের শুরুটা কীভাবে হয়েছিল?


**উত্তর:** আমার টেনিস জীবনের শুরুটা আসলে একেবারেই পারিবারিক প্রেরণায়। আমার বাবা ছিলেন হকি অলিম্পিয়ান, মা ছিলেন বাস্কেটবল খেলোয়াড়। ছোটবেলা থেকেই ক্রীড়া আমাদের পরিবারের অংশ ছিল। কলকাতার সেন্ট জেভিয়ার্স স্কুলে পড়াশোনা করতাম, আর সেখানেই প্রথম র‍্যাকেট হাতে নিই। পরে টেনিসে পুরোপুরি মনোনিবেশ করি। ১২ বছর বয়সে ফ্লোরিডার মিশন ইম্পসিবল একাডেমিতে প্রশিক্ষণ নিতে যাই। সেখান থেকেই আন্তর্জাতিক পর্যায়ে ওঠার পথ তৈরি হয়েছিল।

**প্রশ্ন:** আপনার মতে জীবনের সবচেয়ে স্মরণীয় ম্যাচ কোনটি?

**উত্তর:** ১৯৯৬ সালের আটলান্টা অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয় আমার জীবনের সবচেয়ে স্মরণীয় মুহূর্ত। কারণ, সেটা শুধু আমার জন্য নয়, সমগ্র ভারতের জন্য গর্বের বিষয় ছিল। ৪৪ বছর পর কোনও ভারতীয় ব্যক্তি অলিম্পিকে একক ইভেন্টে পদক জিতেছিলেন। সেই ম্যাচের প্রতিটি পয়েন্ট যেন আজও মনে আছে। চোখে জল নিয়ে দেশের পতাকা হাতে ওঠা মুহূর্তটা আমার জীবনের সবচেয়ে আবেগময় দিন।

**প্রশ্ন:** সম্প্রতি বেঙ্গল টেনিস অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট হয়েছেন, এই বিশেষ দায়িত্ব পেয়ে আপনার অনুভূতি কেমন ছিল?

**উত্তর:** বেঙ্গল টেনিস অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হওয়া আমার কাছে শুধু একটি পদ নয়, এক গভীর দায়িত্ব। আমি এই মাটিতে বড় হয়েছি, এখান থেকেই আমার টেনিস যাত্রা শুরু। তাই বাংলার টেনিসের উন্নয়নের সুযোগ পাওয়া যেন জীবনের এক পূর্ণচক্র সম্পূর্ণ হওয়ার মতো। আমার লক্ষ্য হল, রাজ্যের প্রতিটি কোণে প্রতিভাবান খেলোয়াড়দের চিহ্নিত করা, তাঁদের আধুনিক প্রশিক্ষণ ও আন্তর্জাতিক মানের সুযোগ করে দেওয়া। আমি চাই, আগামী দিনে বাংলার কোর্ট থেকেই উঠে আসুক ভারতের পরবর্তী চ্যাম্পিয়নরা। এটা আমার কাছে গর্ব, দায়িত্ব ও আবেগ- তিনেরই মিশেল।



**প্রশ্ন:** মহেশ ভূপতির সঙ্গে সম্পর্কের ওঠাপড়া নিয়ে আপনার মত কী?

**উত্তর:** মহেশের সঙ্গে আমার সম্পর্কটা বরাবরই জটিল কিন্তু শ্রদ্ধার। আমরা দু'জনই প্রবল আবেগী মানুষ। খেলার মঞ্চে ঝড় ওঠার পরও আমরা দেশের জন্য সর্বোচ্চটা দিয়েছি। হ্যাঁ, মতভেদ ছিল, কিছু সময় দূরত্বও এসেছে, কিন্তু আজও আমি মহেশকে সম্মান করি। আমরা একসঙ্গে যে ইতিহাস গড়েছি, তা চিরকাল অমলিন থাকবে। ব্যক্তিগত বন্ধুত্ব যেমন উত্থান-পতনের মধ্য দিয়ে যায়, আমাদের ক্ষেত্রেও তাই হয়েছে।

**প্রশ্ন:** এত দীর্ঘ কেরিয়ারে কী ভাবে নিজেকে ফিট রেখেছিলেন?

**উত্তর:** আমি বিশ্বাস করি, শরীরের যত্ন নেওয়া মানে আত্মার যত্ন নেওয়া। প্রতিদিন ধ্যান, যোগাভ্যাস ও নিয়মিত প্রশিক্ষণ আমার জীবনের অংশ। আমি সবসময় খাদ্যাভ্যাসে ভারসাম্য রাখি। প্রচুর জল, ফল, শাকসবজি আর পর্যাপ্ত ঘুম। মানসিক প্রশান্তিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি জীবনের প্রতিটি মুহূর্তে ইতিবাচক চিন্তা রাখার চেষ্টা করি। সেই মানসিক ভারসাম্যই আমাকে এতদিন ধরে কোর্টে টিকিয়ে রেখেছে।

**প্রশ্ন:** পারিবারিক জীবনে আপনি কেমন?

**উত্তর:** মাঠের বাইরে আমি খুবই সাধারণ মানুষ। পরিবারের সঙ্গে সময় কাটাতে ভালোবাসি। আমার মেয়ে আইয়ানা আমার জীবনের সবচেয়ে বড় প্রেরণা। কাজের ব্যস্ততার মাঝে যখন তার হাসি দেখি, সব ক্লান্তি দূর হয়ে যায়। আমার বাবা-মা আজও আমার জীবনের সবচেয়ে বড় শক্তি। তাঁরা শিখিয়েছেন, জিতলে বিনয়ী থাকতে আর হারলে মাথা উঁচু করে দাঁড়াতে।

**প্রশ্ন:** ভারতীয় টেনিসের বর্তমান অবস্থা নিয়ে আপনার মত কী?

**উত্তর:** ভারতীয় টেনিস এখন পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। প্রতিভা আছে, কিন্তু অবকাঠামো ও প্রণোদনার অভাব এখনও সমস্যা। আমাদের তরুণরা আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ ও পুষ্টি পাচ্ছে না সবসময়। তবে আমি আশাবাদী, সুমিত নাগাল, সাকেত মায়েনি, রোহন বোপন্নাদের মতো খেলোয়াড়রা নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করছে। সরকার ও বেসরকারি সংস্থাগুলি যদি আরও উদ্যোগ নেয়, ভারত আবার টেনিসে গৌরব ফিরিয়ে আনতে পারবে।

**প্রশ্ন:** আপনি একাধিকবার 'কামব্যাক' করেছেন, এর রহস্য কী?

**উত্তর:** জীবনে আমি কখনও হাল ছাড়িনি। আমার কাছে প্রত্যেকটা 'কামব্যাক' মানে নতুন করে জন্ম নেওয়া। ইনজুরি, বয়স, সমালোচনা; এসব কখনও আমাকে ভাঙতে পারেনি। প্রতিবার কোর্টে নামার আগে আমি ভাবতাম, আজই হয়তো আমার শেষ ম্যাচ। সেই চিন্তাই আমাকে সর্বোচ্চটা দিতে উদ্বুদ্ধ করেছে। নিজের প্রতি বিশ্বাস আর দেশের প্রতি ভালোবাসাই আমার প্রত্যাবর্তনের শক্তি।

**প্রশ্ন:** ভবিষ্যতে কোচিং বা প্রশাসনিক ভূমিকায় আসার ইচ্ছে আছে কি?

**উত্তর:** অবশ্যই। আমি চাই আমার অভিজ্ঞতা নতুন প্রজন্মের কাজে লাগুক। আমি কোচিং প্রোগ্রাম, টেনিস একাডেমি ও তরুণ খেলোয়াড়দের মেন্টরিংয়ে যুক্ত হতে চাই। আমি বিশ্বাস করি, ভারতীয়দের মধ্যে দক্ষতা আছে; শুধু সঠিক দিকনির্দেশ দরকার। তাই ভবিষ্যতে আমি চাই টেনিস প্রশাসনেও কিছু ভূমিকা নিতে, যেন দেশকে আর একবার নতুন উচ্চতায় পৌঁছে দিতে পারি।

**প্রশ্ন:** ব্যক্তিগত জীবনে কোন মূল্যবোধ আপনাকে সবথেকে বেশি প্রভাবিত করেছে?

**উত্তর:** সততা, পরিশ্রম আর কৃতজ্ঞতা; এই তিনটি আমার জীবনের স্তম্ভ। আমার বাবা-মা সবসময় শিখিয়েছেন, কখনও শর্টকাটে বিশ্বাস করো না। পরিশ্রমই একমাত্র পথ। আমি বিশ্বাস করি, ঈশ্বর প্রতিটি মানুষের মধ্যে শক্তি দিয়েছেন, শুধু সেটাকে সঠিক পথে চালনা করতে হয়। জীবনে যত সাফল্যই আসুক, বিনয় হারালে সব হারিয়ে যায়। তাই আজও আমি প্রতিটি জয়কে ঈশ্বরের আশীর্বাদ মনে করি।

# ক্রিকেট থেকে অবসরের পর দিন্দার অন্য ইনিংস সমাজসেবার ময়দানেও

**নিজস্ব প্রতিবেদন:** ক্রিকেট মাঠে তাঁর চিৎকার, আউটের জোরালো আবেদন, উইকেট নিয়ে সেলিব্রেশন- বাংলার ক্রিকেটপ্রেমীরা এখনও ভোলেননি। অশোক দিন্দা শুধু একজন পেসার নন, তিনি এক মানসিকতার নাম; যেখানে আত্মবিশ্বাস, পরিশ্রম আর নিজের প্রতি অগাধ বিশ্বাস মিলেমিশে আছে। কিন্তু মাঠের সাফল্যের পর জীবনের একসময়ে ব্যাট, বল, স্টাম্পের গণ্ডি ছেড়ে অন্য পথে হাঁটলেন এই ক্রিকেটার। কী ভাবে হলো সেই যাত্রা? আজ সেই গল্পটাই তুলে ধরা যাক।

একজন সাধারণ গ্রামবাংলার ছেলেও যদি নিষ্ঠা আর পরিশ্রমে ভর করে এগোয়, তবে বড় জায়গায় পৌঁছনো সম্ভব। 'নৈছনপুর এক্সপ্রেস' অশোক দিন্দা তার সেই বাস্তব উদাহরণ। ময়না থেকে কলকাতা পর্যন্ত তাঁর যাত্রা ছিল পরিশ্রমে ভরা। শহরে এসে তিনি যোগ দেন কোচ অখিল বন্দ্যোপাধ্যায়ের তত্ত্বাবধানে। সেখানেই শুরু হয় তাঁর পেশাদার ক্রিকেট জীবনের প্রস্তুতি। ২০০৫-০৬ মরসুমে বাংলা দলে অভিষেক ঘটে দিন্দার। প্রথম শ্রেণির ক্রিকেটে শুরু থেকেই নজর কাড়েন তাঁর গতি আর আগ্রাসন দিয়ে। তাঁর বোলিং অ্যাকশন, দৌড় আর রাগী এক্সপ্রেশন তখনই ক্রিকেটপ্রেমীদের মনে দাগ কাটে। রনজি ট্রফিতে একের পর এক সাফল্য তাঁকে নিয়ে আসে আলোচনায়। বাংলার ক্রিকেটের ইতিহাসে অশোক দিন্দার নাম লেখা আছে সোনার অক্ষরে।



১১৬টি ফার্স্ট ক্লাস ম্যাচে ৪২০টি উইকেট! এটা কেবল পরিসংখ্যান নয়, এটি তাঁর অনমনীয় মানসিকতার প্রতীক। একসময় দলের ভিতরে তাঁকে 'স্পিরিট অফ বেঙ্গল' বলা হত। কঠিন সময়ে দলকে টেনে তোলা, উইকেট তুলে নেওয়া; এসব ছিল তাঁর স্বভাব। দিন্দার ধারাবাহিক পারফরম্যান্স ২০০৯ সালে তাঁকে নিয়ে আসে ভারতীয় দলে। টি-২০ এবং পরে ওয়ান ডে; দুই ফরম্যাটেই তিনি দেশের জার্সি গায়ে তুলেছিলেন। তবে আন্তর্জাতিক ক্রিকেটে খুব বেশি সুযোগ তিনি পাননি। কখনও ইনজুরি, কখনও নির্বাচকদের পরিকল্পনা; সব মিলিয়ে তাঁর জাতীয় কেরিয়ার সংক্ষিপ্তই রয়ে গেল। তবু সেই সীমিত সুযোগেও দিন্দা সর্বোচ্চটা দেওয়ার চেষ্টা করেছেন। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তাঁর ডেবিউ ম্যাচে তিন উইকেট বা অস্ট্রেলিয়ার বিপক্ষে জেদি বোলিং; সবই আজও ভক্তদের মনে গেঁথে আছে। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে দিন্দার গতি কিছুটা কমে আসে, কিন্তু তাঁর লড়াই করার মনোভাব কখনও কমেনি। তবে বাংলা দলে কিছু অভ্যন্তরীণ বিবাদের জেরে শেষ পর্যায়ে তিনি গোয়ার হয়ে খেলতে শুরু করেন। ২০২০-২১ মরসুমের শেষে তিনি ঘোষণা করেন; সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিচ্ছেন। ২ ফেব্রুয়ারি, ২০২১, কলকাতায় সাংবাদিকদের সামনে দিন্দা বলেন, 'আমার শরীর আর আগের মতো সাড়া দিচ্ছে না। আমি জানি, এখনই সরে দাঁড়ানোর সঠিক সময়।' তাঁর কণ্ঠে তৃপ্তির সুর ছিল; একজন যোদ্ধা নিজের মতো করে বিদায় নিচ্ছেন।

অবসর মানেই শেষ নয়, অশোক দিন্দার জীবনে সেটা ছিল এক নতুন সূচনা। অবসরের পর তিনি 'দিন্দা একাডেমি অফ পেস বোলিং' নামের একটি একাডেমি গঠনের পরিকল্পনা নেন। লক্ষ্য; গ্রামবাংলার প্রতিভাবান ছেলে-মেয়েদের সুযোগ করে দেওয়া। তিনি চান, যেন পরবর্তী প্রজন্ম তাঁর মতোই মাঠে নিজেদের জায়গা তৈরি করতে পারে। এই একাডেমিতে তরুণ পেসারদের শুধুমাত্র বোলিং নয়, মানসিক দৃঢ়তার দিকেও প্রশিক্ষণ দেওয়া হবে।

অবসরের কয়েক মাসের মধ্যেই দিন্দা নতুন এক ভূমিকাতেও অবতীর্ণ হন, রাজনীতিবিদ হিসেবে। ২০২১ সালের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে তিনি বিজেপির প্রার্থী হন পূর্ব মেদিনীপুর জেলার ময়না কেন্দ্র থেকে। এলাকাবাসীর মধ্যে জনপ্রিয়তা, পরিশ্রমী ভাবমূর্তি এবং 'নিজের মাটির ছেলে' পরিচয় তাঁকে জয়ের পথ দেখায়। নির্বাচনে জিতে দিন্দা হয়ে ওঠেন বিধায়ক অশোক দিন্দা। তিনি বলেন, 'যে ভাবে মাঠে আমি লড়েছি, এখন তেমন ভাবেই মানুষের পাশে দাঁড়াতে চাই।'

রাজনীতি এমন এক জগৎ, যেখানে প্রতিদিন নতুন লড়াই। তবে দিন্দা সেই লড়াইয়ে অভ্যস্ত। খেলাধূলার দিনগুলিতে যেভাবে তিনি প্রতিপক্ষকে চাপে রাখতেন, এখন তেমন ভাবেই নিজের এলাকার উন্নয়নের জন্য পরিশ্রম করছেন। তাঁর মতে, 'খেলাধূলা আমাকে শৃঙ্খলা আর দায়িত্ববোধ শিখিয়েছে। আজ রাজনীতিতেও সেই শিক্ষাই কাজে লাগাচ্ছি।' এছাড়া বিভিন্ন স্কুল, কলেজ, স্পোর্টস ক্লাবেও তিনি নিয়মিত যান তরুণদের উৎসাহ দিতে। অবসরের পর অনেক খেলোয়াড়ই মানসিক ভাবে ভেঙে পড়েন। কিন্তু দিন্দা ছিলেন একেবারে আলাদা। তিনি মনে করতেন, 'জীবনে ব্যাট-বলই শেষ নয়, আরও অনেক কিছু করার আছে।' তাঁর সেই ভাবনাই আজ তাঁকে নতুন জীবনের পথে এগিয়ে দিয়েছে। ক্রিকেট তাঁকে দিয়েছে খ্যাতি, কিন্তু সমাজসেবা তাঁকে দিয়েছে শান্তি। অবশ্য নতুন ভূমিকায় দিন্দা সমালোচনামুক্ত নন। কেউ কেউ বলেন, রাজনীতিতে আসা মানে খেলাধূলা থেকে পুরোপুরি সরে যাওয়া। কিন্তু তাঁর জবাব স্পষ্ট, 'আমি আজও ক্রিকেটের মানুষ। মাঠে নেই, কিন্তু ক্রিকেটারদের পাশে আছি।'




# সিওয়ানে বিজেপির প্রচারে যোগী আদিত্যনাথ, আরজেডির বিরুদ্ধে তীব্র আক্রমণ



**সিওয়ান, ২৯ অক্টোবর:** বিহার আসন্ন বিহার বিধানসভা নির্বাচনের প্রাক্কালে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বুধবার সিওয়ান জেলার রঘুনাথপুর আসনে এক বিশাল জনসভায় ভাষণ দেন। এলাকাটি প্রয়াত আরজেডি নেতা মোহাম্মদ শাহাবুদ্দিনের শক্ত ঘাঁটি বলে পরিচিত, যেখানে এবারে তার পুত্র ওসামা শাহাব প্রতিদ্বন্দ্বিতা করছেন। যোগী আদিত্যনাথ তাঁর বক্তব্যে আরজেডি প্রার্থী ও দলকে তীব্রভাবে আক্রমণ করে বলেন, পরিবারের পূর্ব ইতিহাস জনগণের কাছে তাদের পরিচয় স্পষ্ট করে দিয়েছে।

যোগী রসিকতার ভঙ্গিতে বলেন, নাম আর কাজের মধ্যে মিল খুবই লক্ষণীয়। তিনি দাবি করেন, রঘুনাথপুরের এই ভূমি নালন্দা বিশ্ববিদ্যালয়, আচার্য চাণক্য, ড. রাজেন্দ্র প্রসাদ এবং কর্পূরী ঠাকুরের জন্মভূমি, যা জ্ঞান, সংস্কৃতি ও আত্মসম্মানের প্রতীক। কিন্তু, বিরোধীরা বিহারের সেই গৌরব নষ্ট করেছে বলে অভিযোগ আনেন তিনি।এনডিএ সরকারের উন্নয়নমূলক কাজ তুলে ধরেন যোগীযোগী আদিত্যনাথ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে গত দুই দশকে এনডিএ সরকার বিহারকে বদলে দিয়েছে। তিনি জানান, বর্তমানে দ্বিগুণ ইঞ্জিনের সরকার নারীর ক্ষমতায়ন, আইনশৃঙ্খলা রক্ষা ও উন্নয়ন নিশ্চিত করছে। তাঁর মন্তব্য, 'বিহারে যে দল অপরাধ আর অরাজকতা ফিরিয়ে আনতে চায়, তাদের বিরুদ্ধে শূন্য সহনশীলতার নীতি জারি থাকবে।'

সভাস্থলে উপস্থিত জনগণের মনোযোগ কাড়ে কয়েকটি বুলডোজার, যা অপরাধ দমনের প্রতীক হিসেবে প্রদর্শিত হয়। যোগী বলেন, 'নীতীশ কুমারের নেতৃত্বে এনডিএ সরকার গড়ে তুলুন, যাতে বিহারে উন্নয়নের ধারা অব্যাহত থাকে এবং অপরাধীরা আইনের কঠোর জবাব পায়।'

যোগী অভিযোগ তোলেন, দলটি অযোধ্যায় রাম মন্দির নির্মাণের বিরোধিতা করেছিল এবং সীতামঢ়ী অঞ্চলে মা জানকীর মন্দির স্থাপনের প্রস্তাবকেও প্রতিবাদ করেছে। তাঁর বক্তব্যে এনডিএ প্রার্থীর পক্ষে ভোট চাওয়ার পাশাপাশি উন্নয়ন ও শান্তির পক্ষে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি।সিওয়ানের রাজনীতিতে নতুন সমীকরণসিওয়ান জেলার রাজনৈতিক সমীকরণ এনডিএর জন্য চ্যালেঞ্জিং। ২০১১ সালের জনগণনা অনুযায়ী, এখানকার প্রায় ১৮ শতাংশ ভোটার মুসলিম সম্প্রদায়ের। ২০২০ সালের নির্বাচনে এই জেলার আটটি বিধানসভা আসনের মধ্যে মহাগঠবন্ধন ছয়টি জয় করেছিল, আর এনডিএ পেয়েছিল মাত্র দুটি; দুরাউনঢা ও গোরেয়াকোঠি। এবারে রঘুনাথপুরে আরজেডি পুরনো প্রার্থীকে সরিয়ে নতুন মুখ হিসাবে ওসামা শাহাবকে মনোনয়ন দিয়েছে, যা স্থানীয় রাজনীতিতে নতুন সমীকরণ তৈরি করেছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

# ৩০ অক্টোবর প্রকাশ পেতে চলেছে এনডিএ'র নির্বাচনী অঙ্গীকারপত্র, তেজস্বীর পর এবার নীতীশদের পালা

**পাটনা, ২৯ অক্টোবর:** বিহার বিহার বিধানসভা নির্বাচন ঘিরে রাজনৈতিক কর্মযজ্ঞে এখন উত্তেজনা তুঙ্গে। মহাগঠবন্ধন ইতিমধ্যে তাদের ঘোষণাপত্র 'তেজস্বী প্রণ' প্রকাশ করেছে, আর এবার পালা এনডিএ জোটের। জোটের সূত্রে জানা গেছে, এনডিএ আগামী ৩০ অক্টোবর পাটনায় আনুষ্ঠানিকভাবে তাদের নির্বাচনী অঙ্গীকারপত্র ঘোষণা করবে। যদিও এখনও পর্যন্ত এটি নিয়ে কোনও সরকারি ঘোষণা হয়নি, তবে প্রস্তুতি পুরোদমে চলছে।জোটের শরিক দলগুলি;চিরাগ পাসওয়ানের লোক জনশক্তি পার্টি (রামবিলাস), উপেন্দ্র কুশওয়াহার জাতীয় লোক মোর্চা এবং জিতন রাম ঝির হিন্দুস্তানি আওয়াম মোর্চা; সবাই নিজেদের প্রস্তাব এবং সুপারিশ এনডিএ নেতৃত্বকে জানিয়ে দিয়েছে। এনডিএ মুখপাত্ররা জানিয়েছেন, উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী সদস্য দলগুলির কাছ থেকে মতামত সংগ্রহ করেছেন এবং ঘোষণাপত্র নিয়ে চূড়ান্ত খসড়া তৈরি হচ্ছে। জেডিইউ নেতাদের বক্তব্য অনুযায়ী, এনডিএ আলাদাভাবে নয়, বরং একীভূত রূপেই তাদের প্রতিশ্রুতি প্রকাশ করবে। বিজেপি সূত্র জানিয়েছে, আগামী ৩০ অক্টোবর নীতীশ কুমার ও





সম্রাট চৌধুরীর উপস্থিতিতে পাটনায় অনুষ্ঠানটি হওয়ার সম্ভাবনা প্রবল।এদিকে তেজস্বী যাদবের প্রকাশিত ঘোষণাপত্রে প্রতিটি পরিবারে একজনকে সরকারি চাকরি, ভূমিহীনদের জমি, অবৈতনিক বিদ্যুৎসহ নানা প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। এনডিএ'র অঙ্গীকারপত্রে এই পরিকল্পনাগুলির পালটা প্রতিশ্রুতি কী আসে, সেদিকেই এখন রাজ্যের রাজনৈতিক দৃষ্টি।উল্লেখ্য, দুই দফায় নির্বাচনের ভোটগ্রহণ হবে ৬ ও ১১ নভেম্বর এবং গণনা অনুষ্ঠিত হবে ১৪ নভেম্বর। সব পক্ষেরই লক্ষ্য এখন ভোটারদের আকৃষ্ট করে নিজেদের পক্ষে ঢেউ তোলা।

# ঘোষণাপত্রে লালুর ছোট ছবি ঘিরে তীব্র বিতর্ক, জেডিইউ-এর নিশানায় তেজস্বী যাদব




**পাটনা, ২৯ অক্টোবর:** বিহার আসন্ন বিহার বিধানসভা নির্বাচনকে সামনে রেখে মহাগঠবন্ধন তাদের নির্বাচনী ঘোষণাপত্র প্রকাশ করেছে। এই ঘোষণাপত্রের নাম রাখা হয়েছে 'তেজস্বী প্রণ'। নথির প্রচ্ছদে আরজেডি প্রধান লালু প্রসাদ যাদবের একটি ছোট ছবি রাখায় রাজ্য রাজনীতিতে নতুন বিতর্ক শুরু হয়েছে। এর আগে দলের পোস্টার থেকেও লালুর অনুপস্থিতি নিয়ে সমালোচনা উঠেছিল, আর এবার তা আরও বেড়েছে।

জেডিইউ মুখপাত্র নিরাজ কুমার বলেছেন, 'তেজস্বী যাদব নিজ দলে থেকেও আজ তাঁর বাবার ছায়া থেকে পালাতে চাইছেন। লালু-রাবড়ী আমলের কথা বলতে তিনি লজ্জা পান, তাই আজ তাদের ছবি আর পোস্টারে নেই। যদি লালুবাদ এক মতাদর্শ হয়, তবে তার নেতৃত্বকে ছোট করে দেখানোর কারণ কী?' নিরাজ কুমার আরও বলেন, সেই সময়ের 'জঙ্গল রাজ'-এর স্মৃতি আজও বিহারের মানুষ ভুলে যায়নি।

মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এক্স প্ল্যাটফর্মে পোস্ট করে তরুণ ভোটারদের সতর্ক থাকতে অনুরোধ জানান। তিনি বলেন, 'কিছু মানুষ সরকারি চাকরির নামে বিভ্রান্তি ছড়াচ্ছে। কাজ তো সব সময় আমরা করে এসেছি, ভবিষ্যতেও আমরাই করব।' এনডিএ নেতারা দাবি করেছেন, তেজস্বীর ঘোষণাপত্র বাস্তবসম্মত নয় এবং জনগণকে ভুল পথে পরিচালিত করার চেষ্টা করছে।

তেজস্বী যাদবের ঘোষিত নতুন ঘোষণাপত্রে মোট ২৫টি বড় প্রতিশ্রুতি রয়েছে। প্রধান প্রতিশ্রুতিগুলির মধ্যে রয়েছে; প্রতিটি পরিবার থেকে একজনকে সরকারি চাকরি, ভূমিহীনদের জমি দান, প্রতি পরিবারে ২০০ ইউনিট বিনামূল্যে বিদ্যুৎ, প্রবীণ-বিধবা ও প্রতিবন্ধীদের মাসিক পেনশন ১,৫০০ থেকে ৩,০০০ টাকা, পুরনো পেনশন স্কিম পুনরায় চালু, প্রতিটি উপ-বিভাগে মহিলা কলেজ এবং সব প্রখণ্ডে ডিগ্রি, কলেজ কৃষকদের জন্য সব ফসলের ন্যূনতম মূল্য নিশ্চয়তা, শিক্ষকদের ও স্বাস্থ্যকর্মীদের নিজ জেলার ৭০ কিলোমিটারের মধ্যে নিয়োগনারী নিরাপত্তা ও মাইক্রোফাইন্যান্স নিয়ন্ত্রণে নতুন আইন 'অতি পিছড়া অত্যাচার প্রতিরোধ আইন' এবং সংবিধানের নবম তফসিলে সংরক্ষণ বৃদ্ধির প্রস্তাব, এছাড়াও, অভিবাসী শ্রমিকদের সহায়তায় 'বিহার মিত্র কেন্দ্র' গঠনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

ঘোষণাপত্র প্রকাশ অনুষ্ঠানে তেজস্বী যাদব বলেন, 'বর্তমানে নীতীশ কুমারকে বিজেপি শুধু মুখপাত্র হিসেবে ব্যবহার করছে। প্রকৃত সিদ্ধান্ত নিচ্ছে কিছু দুর্নীতিগ্রস্ত কর্মকর্তা। আমার তাঁর প্রতি সহানুভূতি আছে, কিন্তু এখন তিনি এক পুতুলে পরিণত হয়েছেন।'

বিহার রাজনীতিতে এই পাল্টা আক্রমণ ও পাল্টা প্রতিবাদে নির্বাচনের উষ্ণতা আরও বেড়ে গেছে বলে বিশ্লেষকদের অভিমত।